২৮ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ || সংখ্যা ৩২ || সোমবার || বৈশাখ ২৩ || ১৪৩১ || শাওয়াল ২৭ || ১৪৪৫ || Vol. 28 || Issue 31 || May 06 || 2024 || USA. FREE in NY, Other State $1

আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

## নিউইয়র্কে চোখ রাঙাচ্ছে এম-ফক্স ভাইরাস, সতর্কতা জারি

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কে আবারো চোখ রাঙাচ্ছে এম-ফক্স ভাইরাস। উদ্বেগজনক হারে নিউইয়র্কে (বাকি অংশ ০৮ পাতায়

### পুলিশের বিচার দাবী প্রবাসীদের : মেয়রের শোক প্রকাশ

# উইন রোজারিও নিহতের ভিডিও প্রকাশের পর কমিউনিটিতে তোলপাড়


নিহত উইন রোজারিও


**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্কের ওজনপার্কে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশী তরুণ উইন রোজারিও ভিডিও প্রকাশের পর কমিউনিটিতে তোলপাড় শুরু হয়েছে। সচেতন প্রবাসীরা রোজারিও নিহতের ঘটনাটিকে পরিকল্পিত হত্যা বলে মন্তব্য করে সংশ্লিষ্ট পুলিশ অফিসারদের বিচার দাবী করেছেন। এদিকে রোজারিও নিহতের ঘটনায় শোক ও সমবেদনা প্রকাশ করেছেন মেয়র এরিক অ্যাডামস। উল্লেখ্য, মানসিক রোগে আক্রান্ত উইন রোজারিও গত ২৭ মার্চ বুধবার দুপুর দেড়টার দিকে তাদের বাসায় এনওয়াইপিডি'র পুলিশের গুলিতে নিহত হন। নিউইয়র্ক ষ্টেট এটর্ণী জেনারেল অফিস শুক্রবার (৩ মে) এই ভিডিও প্রকাশ করে। প্রকাশিত ঐ বডিক্যাম ভিডিওতে প্রকাশ পেয়েছে রোজারিওর মৃত্যুর লোমহর্ষক ও মর্মান্তিক ঘটনা। যারাই ভিডিওটি দেখেছেন তারাই রোজারিও নিহতের ঘটনাটিকে পরিকল্পিত হত্যা বলে মন্তব্য করেছেন। বিচার দাবী করেছেন সংশ্লিষ্ট দুই পুলিশ অফিসারের। বলেছেন, (বাকি অংশ ০৮ পাতায়)


উইন রোজারিওকে গুলি করে হত্যার লোম হর্ষক ভিডিও প্রকাশ

### কনসাল জেনারেল নাজমুল হুদার বাফেলো সফর

## সিটি কোর্টে আটককৃত যুবককে হাজির

## গুলিতে নিহত ইউসুফ-বাবুলের দাফন সম্পন্ন



**বাংলা পত্রিকা রিপোর্ট:** বাফেলোতে বন্দুকধারীর গুলিতে নিহত দুই বাংলাদেশীর মরদেহ হস্তান্তরের পর তাদের নামাজে জানাজা শেষে দাফন করা হয়েছে। আবু সালেহ মোহাম্মদ ইউসুফ-এর মরদেহ বাফেলোতে আর বাবুল মিয়ার মরদেহ মেরিল্যান্ডের কবরস্থানে দাফন করা হয়। এদিকে বাফেলো পুলিশ সংবাদ সম্মেলনের (বাকি অংশ ০৮ পাতায়)

# অবৈধ অভিবাসীদের ডিপোর্টেশনে ট্রাম্পের ভয়াবহ পরিকল্পনা



**বাংলা পত্রিকা রিপোর্ট:** আমেরিকার ইতিহাসে সবচাইতে বড় ধরনের ডিপোর্টেশন পরিকল্পনার করেছেন সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প। নভেম্বরের নির্বাচনে বিজয়ী হলে তার এই পরিকল্পনা বাস্তবায়নে তিনি মাঠে নামবেন। যুক্তরাষ্ট্রের ৪৫তম প্রেসিডেন্ট টাইম ম্যাগাজিনের সাথে এক সাক্ষাতকারে তার এই পরিকল্পনার কথা প্রকাশ করেছেন। ট্রাম্প বলেছেন অবৈধদের বহিষ্কারে তিনি স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা, ন্যাশনাল গার্ড এবং সামরিক বাহিনীকে নিয়োজিত করবেন। ১৯৫৪ সালে সাবেক প্রেসিডেন্ট আইজেন হাওয়াররের ন্যায় 'অপারেশন ওয়েটব্যাক' স্টাইলে তিনি অবৈধদের বহিস্কার করবেন। উল্লেখ্য যে, আইজেন হাওয়ার সে সময় ১০ লাখেরও কাজ-পত্রহীন অভিবাসীকে সে সময় বহিস্কার করেছিলেন। যুক্তরাষ্ট্রের অবস্থানরত প্রায় ২০ মিলিয়ন অবৈধ অভিবাসীদের খুঁজে আটক করতে এবং ডিপোর্টেশনের জন্য কী ধরনের প্রস্তুতির প্রয়োজন হবে তার বিস্তারিত ট্রাম্প ক্যাম্পেইন থেকে এখনো প্রকাশ করা হয়নি। সাবেক ইমিগ্রেশন ও কাস্টম কর্মকর্তারা বলেছেন, এমন (বাকি অংশ ২০ পাতায়)

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেভ্ $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

www.banglapatrikausa.com

# যুক্তরাষ্ট্র বিএনপি এবং অঙ্গ সংগঠনের আয়োজনে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত

**নিউইয়র্ক:** যুক্তরাষ্ট্র বিএনপি এবং অঙ্গ সংগঠনের আয়োজনে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। গত ২৯ এপ্রিল সন্ধ্যায় জ্যাকসন হাইটসের একটি মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য মিজানুর রহমান মিল্টন ভুইয়া।

যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ-সভাপতি আনোয়ার হোসেনের সভাপতিত্বে এবং স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাকসুদ চৌধুরীর পরিচালনায় অনুষ্ঠানে গেস্ট অব অর্নার ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ সভাপতি এডভোকেট জামাল আহমেদ জনি। প্রধান বক্তা ছিলেন সাবেক ছাত্র নেতা এম বাসেত রহমান। বিশেষ অতিথি ছিলেন সাবেক ছাত্রনেতা মোহাম্মদ আব্দুস সবুর, যুক্তরাষ্ট্র শ্রমিক দলের সভাপতি জাহাঙ্গীর এম আলম, বিএনপি নেতা ফারুক চৌধুরী, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ হেলাল উদ্দিন, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম মোল্লা, সাবেক সাংগঠনিক সম্পাদক সফিক রহমান দুলাল।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন সাংবাদিক সাঈদ তারেক, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ সেলিম, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক মহিলা বিষয়ক সম্পাদিকা সৈয়দা মাহমুদা শিরিন, যুক্তরাষ্ট্র শ্রমিক দলের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম শাহীন, শ্রমিক দলের সিনিয়র সহ সভাপতি মোস্তাক আহমেদ, যুবদল নেতা আল মামুন সবুজ, স্বেচ্ছাসেবক দল নেতা রাশেদ রহমান, সাবেক ছাত্র দল নেতা আহমেদ সোহেল, জাফর তালুকদার প্রমুখ।



অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ সভাপতি এমদাদুল হক কামাল, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ আনোয়ারুল ইসলাম উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মিজানুর রহমান মিল্টন ভুইয়া তার বক্তব্যে এই ধরনের সুন্দর অনুষ্ঠান আয়োজন করার জন্য আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, বাংলাদেশ বর্তমানে ক্লান্তিকাল অতিক্রম করছে। বার বার আমরা স্বৈরাচারের কবলে পড়ছি। যুগে যুগে বিএনপি স্বৈরাচারের পতন করে, আর স্বৈরাচার ষড়যন্ত্রের মাধ্যমে ক্ষমতায় চলে আসে। তিনি আরো বলেন, আমরা পাকিস্তানের কবল থেকে মুক্তি পেয়ে এখন দিল্লির কবলে পড়েছি। বাংলাদেশ আবারো স্বৈরাচারের কবলে পড়েছে। এই নব্য স্বৈরাচার হচ্ছে শেখ হাসিনা। বাংলাদেশের গণতন্ত্রকে ধ্বংস করে স্বৈরাচারি শেখ হাসিনা ডামি নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় রয়েছে এবং বাংলাদেশকে ভারতের করদ রাজ্যে পরিণত করেছে। এই স্বৈরাচারের পতন ছাড়া গণতন্ত্র এবং দেশ রক্ষা করা যাবে না। গণতন্ত্র রক্ষা করা না গেলে বিএনপির চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে মুক্ত করা যাবে না এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনা যাবে না। এই জন্য আমাদের সকল বিভাজন ভুলে গিয়ে ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে শেখ হাসিনা সরকারের পতন নিশ্চিত করতে হবে। এডভোকেট জামাল আহমেদ জনি বলেন, আমাদের মধ্যে নেতৃত্বের প্রতিযোগিতা থাকবে কিন্তু যুক্তরাষ্ট্র বিএনপিতে কোন বিভক্তি নেই। মান অভিমান বা ভুল বুঝাবুঝির কারণে কেউ কেউ সাময়িক আলাদা অনুষ্ঠান করতে পারেন। কিন্তু আমাদের সবার মনে রাখতে হবে যুক্তরাষ্ট্র বিএনপি এক এবং অভিন্ন। তিনি আরো বলেন, আমাদের সমানে কঠিন চ্যালেঞ্জ। আর সেই চ্যালেঞ্জ হচ্ছে স্বৈরাচারি সরকারের পতন ঘটানো। এই ফ্যাসিস্ট সরকারের পতন ঘটাতে না পারলে দেশ এবং দেশের জনগণকে রক্ষা করা যাবে না। সুতরাং আমাদের ঐক্যবদ্ধ থেকে প্রবাস থেকে কঠোর আন্দোলন করতে হবে। -প্রেস বিজ্ঞপ্তি।









# সন্দ্বীপ সোসাইটি’র উদ্যোগে বিভিন্ন ঘূর্ণিঝড়ে নিহতদের স্মরণে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

**নিউইয়র্ক:** প্রবাসের অন্যতম বৃহত্তম সংগঠন সন্দ্বীপ সোসাইটি ইউএসএ এর উদ্যোগে ১৯৯১ সালের ২৯ এপ্রিল, ১৯৮৫ সালের ২৫ মে, ১৯৭০ সালের ১২ নভেম্বর এবং মহামারী করোনাকালীন সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে নিহত সন্দ্বীপবাসীদের রুহের মাগফেরাত কামনায় দোয়া ও স্মরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ব্রুকলীনস্থ সন্দ্বীপ সোসাইটির নিজস্ব ভবনে গত ২৮ এপ্রিল রোববার বিপুল সংখ্যক সন্দ্বীপবাসীর উপস্থিতিতে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সোসাইটির সভাপতি ফিরোজ আহমেদ, সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোঃ হোসাইন আলমগীর। দোয়া পরিচালনা করেন বায়তুল জান্নাহ মসজিদ-এর ইমাম হাফেজ মওলানা আশরাফ উল্লাহ। সভায় বক্তাগণ প্রলয়ংকারী ঘূর্ণিঝড় এর বিভিন্ন অভিজ্ঞতা তুলে ধরেন ও ভবিষৎ করণীয় বিষয় নিয়ে আলোচনা করেন। বিশেষ করে সন্দ্বীপ উপজেলার বর্তমান ভঙ্গুর যাতায়াত ব্যাবস্থা নিয়ে সকলেই তাদের অসহায়ত্বের কথা তুলে ধরেন এবং স্থানীয় এমপি’র দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন এস এম ফেরদৌস। সভায় আরো বক্তব্য রাখেন সর্বজনাব মাহফুজুল মাওলা নানু, মোদাস্‌সের মিয়া, আজহার হোসাইন, শহীদ উল্লাহ, মোস্তফা কামাল পাশা বাবুল, লুৎফুল করিম, ওমর ফারুক মাসুক, রফিকুল মাওলা, প্রফেসর ইসমাইল, শাহাদাত হোসাইন, মেহেদী হাসান শিমুল, মাওলানা দিদার, ওয়ালিদুল ইসলাম, মনিরুল ইসলাম, জামাল উদ্দিন রিপন, মোঃ সাহাবুদ্দিন (বাফালো) প্রমুখ।

সভায় সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর কাদের সোহাগ আগামী ১৩ জুলাই সন্দ্বীপ সোসাইটি আয়োজিত বনভোজন সফল করতে সকলের সহযোগিতা কামনা করেন। সাধারণ সম্পাদক মোঃ হোসাইন আলমগীর সন্দ্বীপের যাতায়াত ব্যবস্থা নিরাপদ করার জন্য স্থানীয় এমপি সহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতি ফিরোজ আহমেদ সকলকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান এবং নিহত সকলের আত্মার মাগফেরাত কামনা করেন এবং বিগত চার মাসের সকল কর্মকান্ড তুলে ধরেন। -প্রেস বিজ্ঞপ্তি।



## যুক্তরাষ্ট্রের ‘নেসা সেন্টার’ প্রতিনিধিদলের ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস পরিদর্শন

# সন্ত্রাসবাদ মোকাবেলায় বাংলাদেশের সাফল্যের প্রশংসা

**ওয়াশিংটন ডিসি:** যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তরের অন্যতম প্রধান প্রতিষ্ঠান Near East South Asia (NESA) Center for Strategic Studies এর একটি প্রতিনিধিদল গত ১ মে বুধবার ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাস পরিদর্শন এবং মিশনের কর্মকর্তাদের সাথে একটি ইন্টারেক্টিভ সেশনে অংগ্রহণ করেন।

NESA Center for Strategic Studies-এর ডিস্টিংগুইশ প্রফেসর ড. হাসান আব্বাস ৪৬ সদস্যের দলটির নেতৃত্ব দেন। প্রতিনিধিদলে ওয়াশিংটন ডিসিতে নেসা সেন্টার আয়োজিত একটি সেমিনারে ২৮টি দেশের অংশগ্রহণকারী ব্যক্তিবর্গ অন্তর্ভুক্ত ছিলেন।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান দূতাবাসে নেসা সেন্টারের প্রতিনিধিদলকে স্বাগত জানান এবং অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

রাষ্ট্রদূত ইমরান তার মূল বক্তব্যে বাংলাদেশের ইতিহাস এবং দেশের সাম্প্রতিক আর্থ-সামাজিক উন্নয়নের কথা বিস্তারিতভাবে তুলে ধরেন। তিনি রোহিঙ্গা সংকট ইস্যু এবং সন্ত্রাসবাদ ও চরমপন্থা মোকাবেলায় বাংলাদেশের সাফল্য এবং গ্লোবাল কমিউনিটি এনগেজমেন্ট অ্যান্ড রিজিলিয়েন্স ফান্ড (জিসিইআরএফ)-এ দেশের অগ্রগতির ওপরও আলোকপাত করেন।

রাষ্ট্রদূত সন্ত্রাসবাদের বৈশ্বিক চ্যালেঞ্জ কার্যকরভাবে মোকাবেলা করার জন্য সকল দেশের সমন্বিত প্রচেষ্টা গ্রহণের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, সন্ত্রাসবাদ একটি বৈশ্বিক চ্যালেঞ্জ এবং কোন দেশের পক্ষে এককভাবে এই চ্যালেঞ্জ মোকাবেলা সম্ভব নয়।

দীর্ঘস্থায়ী রোহিঙ্গা সঙ্কট প্রসঙ্গে রাষ্ট্রদূত ইমরান মিয়ানমারের রাখাইন রাজ্যে বাস্তুচ্যুত সকল রোহিঙ্গাদের তাদের জন্মভুমিতে টেকসই ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের বিষয়ে বাংলাদেশের অবস্থান পুনর্ব্যক্ত করেন।

তিনি বলেন, যদি সমস্যাটি আরও দীর্ঘায়িত হয় তবে এটি সমগ্র অঞ্চলের নিরাপত্তা ও স্থিতিশীলতাকে প্রভাবিত করতে পারে এবং উন্নয়ন উদ্যোগকে হুমকির মুখে ফেলতে পারে।

ড. আব্বাস ইন্টারঅ্যাকটিভ সেশনে বক্তৃতাকালে সন্ত্রাস, সহিংস চরমপন্থা এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশের সাফল্যের ভূয়সী প্রশংসা করেন।

বাংলাদেশের সমৃদ্ধ ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্যের কথা উল্লেখ করে তিনি বলেন, ব্যক্তিগত ও পেশাগত জীবনে তিনি বাংলাদেশের ঐতিহাসিক ব্যক্তিত্বদের দ্বারা দারুনভাবে অনুপ্রাণিত হয়েছেন।

ড. আব্বাস বলেন, তার প্রতিষ্ঠান- NESA Center for Strategic Studies বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে আরও ঘনিষ্ঠ সম্পর্ক কামনা করে এবং আরও সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ দেখতে চায়।

দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি অহিদুজ্জামান নুর সন্ত্রাস ও চরমপন্থা মোকাবেলায় বাংলাদেশের বিভিন্ন উদ্যোগ ও সাফল্যের বিষয়টি প্রতিনিধিদলের সামনে তুলে ধরেন। ফার্স্ট সেক্রেটারি আতাউর রহমান অনুষ্ঠানটি পরিচালনা করেন এবং এর সার্বিক সমন্বয়ে ছিলেন কাউন্সেলর ও দূতালয় প্রধান শামীমা ইয়াসমিন স্মৃতি। -প্রেস বিজ্ঞপ্তি।



# জাতিসংঘে বাংলাদেশের "শান্তির সংস্কৃতি" রেজুল্যুশন গৃহীত

**নিউইয়র্ক:** জাতিসংঘ সাধারণ পরিষদে গত ২ মে বাংলাদেশ উত্থাপিত "শান্তির সংস্কৃতি" শীর্ষক রেজুল্যেশন-টি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে। ১১২টি দেশ এই রেজুল্যেশটিতে কো-স্পন্সর করেছে। জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত বাংলাদেশের পক্ষে রেজুল্যেশনটি উত্থাপন করেন।

এ বছর আলোচ্য রেজুলুশনটি একটি বিশেষ তাৎপর্য্য বহন করে। কেননা এ বছরে শান্তির সংস্কৃতির ঘোষণা এবং এ বিষয়ক কর্মসূচি (Declaration and Programme of Action on a Culture of Peace) ২৫তম বর্ষে পদার্পণ করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রথম মেয়াদে সরকার পরিচালনার সময় ১৯৯৯ সালে প্রথমবারের মতো জাতিসংঘ সাধারণ পরিষদে শান্তির সংস্কৃতির ঘোষণা এবং এ বিষয়ক কর্মসূচি গৃহীত হয়। এরপর থেকে প্রতিবছর বাংলাদেশ 'শান্তির সংস্কৃতি' রেজুল্যেশনটি জাতিসংঘ সাধারণ পরিষদে উপস্থাপন করে আসছে যা শান্তি ও অহিংসার সংস্কৃতিকে উন্নীত করার জন্য ৮টি বিশেষ ক্ষেত্রকে চিহ্নিত করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহনের জন্য সকলকে আহবান জানিয়েছে। এছাড়া সাধারণ পরিষদের সভাপতির নেতৃত্বে ২০১২ সাল থেকে 'শান্তির সংস্কৃতি' বিষয়ে বাংলাদেশ জাতিসংঘে একটি উচ্চ পর্যায়ের ফোরামের আয়োজন করে আসছে।

প্রস্তাবটি উপস্থাপনের সময় রাষ্ট্রদূত মুহিত বিভিন্ন বৈশ্বিক চ্যালেঞ্জের প্রেক্ষাপটে শান্তির সংস্কৃতির অব্যাহত প্রাসঙ্গিকতা তুলে ধরেন। তিনি বলেন, আজ বিশ্ব ক্রমবর্ধমান দ্বন্দ্ব এবং মানবিক মর্যাদা অবজ্ঞার মুখোমুখি। এই ক্রমবর্ধমান সংঘাত ও সহিংসতা উত্তরণে মানবমনে সম্প্রীতি ও সহমর্মিতার ভাবকে পুনরুজ্জীবিত করতে হবে, সমতা ও সকল মানুষের সমমর্যাদার চেতনাকে সমুন্নত করতে হবে এবং সর্বপোরি যুদ্ধের চেয়ে শান্তিকে অনেক বেশি লাভজনক করে তুলতে হবে।

এবারের রেজুল্যুশনটিতে শান্তির সংস্কৃতির ঘোষণা এবং এ বিষয়ক কর্মসূচি-র ২৫তম বার্ষিকী যথাযথভাবে পালন ও উদ্‌যাপনের জন্য সাধারণ পরিষদের সভাপতিকে দিনব্যাপী একটি উচ্চ পর্যায়ের ফোরাম আহ্বান করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এছাড়া এ রেজুল্যুশনে সাধারণ পরিষদের সদস্য রাষ্ট্র, জাতিসংঘের আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা, নাগরিক সমাজ, বেসরকারী খাত, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং মিডিয়াসহ অন্যান্য অংশীজনদের শিক্ষা ও জনসচেতনতা সম্প্রসারণসহ অন্যান্য আয়োজনের মাধ্যমে যথাযথ ভাবে এই বার্ষিকীটি পালনের আমন্ত্রণ জানানো হয়েছে।


যুদ্ধ ও ধ্বংসযজ্ঞে বাংলাদেশের নিজস্ব অভিজ্ঞতার কথা উল্লেখ করে রাষ্ট্রদূত মুহিত বলেন, 'জাতিসংঘে শান্তির সংস্কৃতির ধারণা প্রবর্তনের বাংলাদেশের উদ্যোগটি আমাদের নিজস্ব অভিজ্ঞতা থেকে অনুপ্রাণিত'। তিনি আরো বলেন, "বৈষম্য, বর্ণগত অসহিষ্ণুতা এবং পরাধীনতা আমাদের একটি ধ্বংসাত্মক যুদ্ধে অংশ নিতে বাধ্য করে। এ কারণেই আমরা শান্তির প্রসারকে আমাদের পররাষ্ট্রনীতির একটি মৌলিক নীতিতে পরিণত করেছি'।

রেজুল্যুশনটির বিবেচনার পূর্বে শান্তির সংস্কৃতির উপর সাধারন পরিষদে একটি সাধারণ বিতর্ক অনুষ্ঠিত হয়। এতে বহুসংখ্যক সদস্য রাষ্ট্র বক্তব্য প্রদান করে । এ সময় তাঁরা শান্তির সংস্কৃতির ঘোষণা এবং এ বিষয়ক কর্মসূচি বাস্তবায়নে তাদের প্রতিশ্রুতির কথা পুনর্ব্যক্ত করে। প্রতিনিধি দলগুলো জাতিসংঘে শান্তির সংস্কৃতি'-র ধারণাকে সুপ্রতিষ্ঠিত করার ক্ষেত্রে বাংলাদেশের ঐতিহাসিক নেতৃত্বের কথা উল্লেখ করে বাংলাদেশকে ধন্যবাদ জানান।

১১২টি দেশ এবছর বাংলাদেশের এই রেজুল্যুশনটিকে







# প্রতিরক্ষা ব্যয় বাড়ছে বিশ্বজুড়ে

॥ মেজর নাসির উদ্দিন আহাম্মেদ (অব.) পিএইচডি ॥

আজ থেকে আড়াই মাস আগে (১৩ ফেব্রুয়ারী ২০২৪) ইংল্যান্ডের লন্ডনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান 'ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজিক স্টাডিজ' এক গবেষণায় দেখিয়েছে যে, ২০২৩ সালে বৈশ্বিক সামরিক ব্যয় আগের বছরের তুলনায় ৯ শতাংশ বেড়ে ২.২ ট্রিলিয়ন ডলারে পৌঁছেছে, যা একটি নতুন রেকর্ড। তবে এ রেকর্ডও ভেঙে যেতে পারে ২০২৪ সালে। গাজায় ইসরায়েলের সামরিক আগ্রাসন, ইউক্রেনে চলমান যুদ্ধ আরও দীর্ঘ ও ভয়াবহ হওয়ার ইঙ্গিত এবং ইন্দো-প্যাসিফিক অঞ্চলে ক্রমবর্ধমান উত্তেজনার কারণে ২০২৪ সালে সামরিক ব্যয় সর্বকালের রেকর্ড অতিক্রম করতে পারে। মূলত কানাডা, ডেনমার্ক, নরওয়ে, রাশিয়া ও আমেরিকা নিয়ে গঠিত আরটিক অঞ্চলে উত্তেজনা, বিশ্ব সম্প্রদায়ের প্রতি বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে উত্তর কোরিয়ার পারমাণবিক অস্ত্র উৎপাদনের তীব্র আকাঙ্খা, চীনের সামরিক শক্তি বৃদ্ধি এবং আফ্রিকার সাহিল অঞ্চলে (সেনেগাল, গাম্বিয়া, মৌরিতানিয়া, মালি, বুর্কিনা ফাসো, নাইজার ও নাইজেরিয়া) রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে সামরিক বাহিনীর হস্তক্ষেপ ও পরোক্ষ ভূমিকার কারণে সামরিক ব্যয় উত্তরোত্তর বৃদ্ধির পূর্বাভাস দিয়েছে লন্ডনের এ গবেষণা প্রতিষ্ঠান। মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ বিশেষত ইয়েমেনে সরকারবিরোধীদের পেছনে ইরানের সামরিক সমর্থন প্রতিরক্ষা ব্যয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখছে।

অন্যদিকে সুইডেনের রাজধানী স্টকহোমে বিগত প্রায় ৬০ বছর ধরে যুদ্ধ, সশস্ত্র সংগ্রাম, সামরিক ব্যয়, অস্ত্রবাণিজ্য, নিরস্ত্রীকরণ প্রভৃতি নিয়ে গবেষণা করে আসছে স্বাধীন গবেষণা প্রতিষ্ঠান 'স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট'। গত ২২ এপ্রিল প্রতিষ্ঠানটি তাদের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছে। এতে বলা হয়- বিশ্বব্যাপী ২০২৩ সালে সামরিক খাতে ব্যয় হয়েছে ২ হাজার ৪৪৩ বিলিয়ন মার্কিন ডলার, যা ২০২২ সালের সামরিক ব্যয়ের চেয়ে ৬.৮% বেশি। বিশ্বের বিভিন্ন দেশে যুদ্ধ, উত্তেজনাকর পরিস্থিতি, ক্রমবর্ধমান দুশ্চিন্তা ও নিরাপত্তাহীনতার প্রেক্ষাপটে সামরিক ব্যয় বাড়ার তথ্যসংবলিত প্রতিবেদনটি প্রকাশিত হলো। প্রতিবেদন মতে, ৯ বছর ধরে ক্রমাগতভাবে বেড়েই চলেছে বৈশ্বিক সামরিক ব্যয় এবং ভবিষ্যতে এ প্রবণতা বাড়বে বই কমবে না।

অস্ত্রবাণিজ্যের ক্ষেত্রে পৃথিবীকে পাঁচটি অঞ্চলে বিভক্ত করা হয়। এর মধ্যে ইউরোপ, এশিয়া, ওশেনিয়া (অস্ট্রেলিয়া) ও মধ্যপ্রাচ্য- এ চারটি অঞ্চলেই ২০২৩ সালে সামরিক ব্যয় উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি পেয়েছে। সামরিক ব্যয় সরাসরি বিশ্ব নিরাপত্তা পরিস্থিতির ওপর নির্ভর করে। যে কোনো ব্যক্তি, সংগঠন, দেশ বা অঞ্চল যখনই নিরাপত্তার অভাব বোধ করে তখনই বাড়তি নিরাপত্তার প্রত্যাশায় সামরিক ব্যয় বৃদ্ধি করে। তাই বলা যায়, অশান্ত পৃথিবী ও ভবিষ্যৎ আশঙ্কার কারণেই পৃথিবীময় সামরিক ব্যয় বৃদ্ধি পেয়েছে। আর এ অশান্ত পরিবেশ বা আশঙ্কা কোনো ভিনদেশি গ্রহের জীব বা বনের পশু-পাখিদের সৃষ্ট নয়। এ পৃথিবীর কিছু যুদ্ধবাজ দেশ এবং কিছু যুদ্ধপ্রিয় ও লোভী মানুষের সৃষ্টি।

১৭৭৬ সালেই অর্থশাস্ত্রের জনকরূপে স্বীকৃত স্কটিশ অর্থনীতিবিদ ও দার্শনিক অ্যাডাম স্মিথ তার কালজয়ী গ্রন্থ 'ওয়েলথ অব নেশনস' বইয়ে জনগণের কাছ থেকে অর্থ সংগ্রহ তথা ট্যাক্স আদায়ের যৌক্তিকতা তুলে ধরতে গিয়ে বলেন, রাষ্ট্রের পক্ষে সরকারের দায়িত্ব দেশ ও জনগণের নিরাপত্তা নিশ্চিত করা। সেই লক্ষ্যে প্রতিরক্ষাব্যবস্থা গড়ে তোলা তথা সামরিক খাতে ব্যয়ের যৌক্তিকতা ৪৫০ বছর আগেই মানুষ মেনে নিয়েছিল বলে ধরা হয়। এমনকি বর্তমানকালেও বহির্বিশ্বের শত্রু ও অভ্যন্তরীণ গোলযোগকারীদের হাত থেকে নিজ দেশ, দেশের সম্পদ ও জনগণকে রক্ষা এবং যে কোনো বিনিয়োগের সুরক্ষা প্রদানের সক্ষমতার ভিত্তিতেই বৈদেশিক বিনিয়োগ পাওয়া যায়। তাই অর্থনীতিবিদ এবং গবেষকদের একটি বড় অংশই জনগণের টাকা প্রতিরক্ষা খাতে খরচ তথা সামরিক ব্যয় অযৌক্তিক নয় বলে বিবেচনা করেন। এমন মতাবলম্বীদের যারা বিরোধিতা করেন তারা আবার মনে করেন প্রতিরক্ষা আদতে একটি অনুৎপাদনশীল খাত, যা থেকে অর্থনৈতিকভাবে লাভবান হওয়ার সুযোগ নেই। আর বিশাল পরাশক্তির পাশে বসবাস করে অথবা পারমাণবিক অস্ত্রের বলয়ের নিচে থেকে প্রতিরক্ষা খাতে ব্যয় করার কোনো যৌক্তিকতা নেই। রাশিয়ার পাশে থেকে ইউক্রেনের সামরিক ব্যয়ের যৌক্তিকতা নিয়েও অনেকে প্রশ্ন তোলেন।

জনগণের টাকা প্রতিরক্ষা খাতে ব্যয়ের ক্ষেত্রে বিপত্তির কেন্দ্রবিন্দু হলো সম্পদের সীমাবদ্ধতা।

অর্থনীতির সূত্র মোতাবেক জোগান সীমাবদ্ধ না হলে কোনো কিছু সম্পদ হতে পারে না। জনগণের দেওয়া ট্যাক্সের টাকা কিংবা প্রাকৃতিক সম্পদ ও খনিজ সম্পদ থেকে প্রাপ্ত অর্থ; সবকিছুরই জোগান বা পরিমাণ সীমাবদ্ধ থাকে। ফলে এ সীমাবদ্ধ সম্পদ একটি খাতে বরাদ্দ বা ব্যয় হলে তার প্রভাব পড়ে অন্য খাতে। এক্ষেত্রে যথাযথ সমন্বয় ও বিচক্ষণতার ওপরই নির্ভর করে দেশ ও জাতির ভবিষ্যৎ।

লন্ডন বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বার্কব্যাক কলেজের অর্থনীতি বিভাগের শিক্ষক সাদেত ডেজার ও রন স্মিথ ১৯৮৩ সালেই 'মিলিটারি এক্সপেন্ডেচার অ্যান্ড গ্রোথ ইন লেস ডেভেলপড কান্ট্রিস' শীর্ষক গবেষণাপত্রে দাবি করেন, অর্গানাইজেশন ফর ইকোনমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট' (ওইসিডি) এর সদস্য ৩৮টি উন্নত রাষ্ট্র সামরিক খাতে ব্যয় বৃদ্ধির কারণে পুঁজি সরবরাহ ও উৎপাদন হারের মতো স্পর্শকাতর অর্থনৈতিক সূচকে ১৯৭৭, ১৯৭৮ ও ১৯৮০ সালে পিছিয়ে পড়েছিল। তবে এর বিপরীত চিত্র দেখা যায় স্বল্প উন্নত দেশে, যেখানে সামরিক ব্যয়ের ওপর নির্ভর করে উৎপাদনের হার বৃদ্ধির প্রবণতা। অর্থাৎ স্বল্পোন্নত দেশে প্রতিরক্ষা ব্যয় বাড়লে উৎপাদনের হারও বৃদ্ধি পাওয়ার বিষয়টি গবেষণায় প্রমাণিত হয়েছিল। অন্যদিকে জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট প্ল্যানিং ৭০ দশকের অভিজ্ঞতার আলোকে মন্তব্য করেছিল যে, বৈশ্বিক উন্নয়নের পক্ষে একটি বড় অন্তরায় হলো প্রতিরক্ষা খাতে ব্যয়। জাতিসংঘের এ বক্তব্যের সঙ্গে আজও একমত পোষণ করেন বিশ্ববরেণ্য বহু পন্ডিত, বুদ্ধিজীবী, অর্থনীতিবিদ, রাজনীতি বিশ্লেষক ও গবেষক।

ভৌগোলিক অবস্থান ও ভূরাজনৈতিক কারণে বাংলাদেশ ও বাংলাদেশের প্রতিরক্ষাব্যবস্থার ওপর নজর বাড়ছে বিশ্বের বহু দেশ এবং সংগঠনের। বাংলাদেশের স্থলসীমার তিনদিকে মূলত ভারত আর একদিকে বঙ্গোপসাগর। এ ছাড়াও মিয়ানমারের সঙ্গে স্থলভাগে ২০৭ কিলোমিটার, নাফ নদ বরাবর ৬৮ কিলোমিটার এবং সাগরের বুকে ২০০ নটিক্যাল মাইল সীমান্ত বা সমুদ্রসীমা রয়েছে বাংলাদেশের। ভারত ২০২৩ সালে প্রতিরক্ষা খাতে ব্যয়ের দিক থেকে বিশ্বের বুকে চতুর্থ অবস্থানে ছিল। চীন, পাকিস্তান ও মিয়ানমারের সঙ্গে বিশাল সীমান্ত থাকায় প্রতিরক্ষা খাতে ভারতের ব্যয় বেড়েই চলেছে। ২০২৩ সালে এ ব্যয় ছিল ৮৩.৬ বিলিয়ন ডলার। পক্ষান্তরে ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের মোট বাজেট ছিল ৭১ বিলিয়ন ডলারের সমান। তাই বাংলাদেশকে সামরিক সক্ষমতায় প্রতিযোগিতার বদলে কৌশলী হতে হবে অন্য সব দিক থেকে।

মিয়ানমারের সাম্প্রতিক পরিস্থিতি বিশেষত বাংলাদেশের পাশে থাকা এ দেশটির রাখাইন রাজ্যে সরকারি বাহিনীর নিয়ন্ত্রণ হ্রাস এবং বিদ্রোহী আরাকান আর্মির আধিপত্য প্রতিষ্ঠার প্রেক্ষাপট বাংলাদেশের প্রতিরক্ষা ও কূটনৈতিক ব্যবস্থাপনাকে নতুন চ্যালেঞ্জের মুখে ঠেলে দিয়েছে। এক্ষেত্রেও সামরিক ব্যয় বৃদ্ধি করে মিয়ানমারের ওপর কোনো প্রকার চাপ সৃষ্টি করা সহজ হবে না, বরং কূটনৈতিক প্রচেষ্টার মাধ্যমেই মিয়ানমারের সঙ্গে উদ্ভূত সামরিক ও রোহিঙ্গা উদ্বাস্তু সমস্যা সমাধানের দিকে এগিয়ে যেতে হবে।

বাংলাদেশের তিন পার্বত্য জেলায় একসময় সেনাবাহিনীর ব্যাপক উপস্থিতি এবং নানামুখী কার্যক্রমের জন্য মোট জাতীয় বাজেট ও প্রতিরক্ষা বাজেটের উল্লেখযোগ্য অংশ ব্যয় করতে হতো। এ ব্যয়ের বড় অংশজুড়েই থাকত সেনাসদস্যদের বেতন ও ভাতার চাপ। শান্তিচুক্তির পর সেনাবাহিনীকে আকার ও কার্যক্রমের দিক থেকে সংকুচিত করার ফলে বেতন ও ভাতা খাতে ব্যয় হ্রাস পেয়েছে। এ সময় সেনাবাহিনীর তত্ত্বাবধানে তিন পার্বত্য জেলায় বিশেষত সীমান্তবর্তী এলাকায় অবকাঠামোগত উন্নয়ন ছিল চোখে পড়ার মতো। অতিসম্প্রতি বান্দরবান পার্বত্য জেলায় কেএনএফ আর্মির নাশকতামূলক কার্যক্রমের কারণে সেনাবাহিনীকে আবারও মাঠে নামতে হয়েছে। ২০২৪ সালজুড়ে যদি এরকম সেনা তৎপরতা চলতে থাকে তবে এমনিতেই প্রতিরক্ষা ব্যয় ও জাতীয় বাজেটে তার প্রভাব পড়বে। তাই প্রতিকার নয়, প্রতিরোধের কৌশল নিয়েই তিন পার্বত্য জেলায় সেনাবাহিনীকে এগিয়ে যেতে হবে।

আমেরিকা ও রাশিয়ার মধ্যকার স্নায়ুযুদ্ধের অবসান, ইউরোপীয় ইউনিয়নের মাধ্যমে বিভিন্ন দেশের এক ছাতায় নিচে অবস্থান, দুই জার্মানির একীভূত হওয়া- প্রভৃতির কল্যাণে বিশ্বজুড়ে যুদ্ধ যুদ্ধ পরিস্থিতি কিছুটা হলেও হ্রাস পেয়েছে। কিন্তু একবিংশ শতাব্দীতে সেই শান্তির সম্ভাবনা ক্রমেই ম্লান হতে থাকে। আর ২০২৪ সালে সেই অশান্তির পারদ আরও ওপরে উঠে যায়।

আমেরিকা ও রাশিয়ার মধ্যকার স্নায়ুযুদ্ধের অবসান, ইউরোপীয় ইউনিয়নের মাধ্যমে বিভিন্ন দেশের এক ছাতায় নিচে অবস্থান, দুই জার্মানির একীভূত হওয়া- প্রভৃতির কল্যাণে বিশ্বজুড়ে যুদ্ধ যুদ্ধ পরিস্থিতি কিছুটা হলেও হ্রাস পেয়েছে। কিন্তু একবিংশ শতাব্দীতে সেই শান্তির সম্ভাবনা ক্রমেই ম্লান হতে থাকে। আর ২০২৪ সালে সেই অশান্তির পারদ আরও ওপরে উঠে যায়।

ক্রমবর্ধমান এ উত্তেজনা বৃদ্ধির পেছনে অস্ত্র ব্যবসায়ী ব্যক্তি ও প্রতিষ্ঠান, অস্ত্র উৎপাদনকারী দেশগুলোর দিকেই আঙুল তোলেন বিশ্লেষকরা। পৃথিবীর ১০০টিরও বেশি দেশে আমেরিকা অস্ত্র সরবরাহ করে বলে তথ্য দিয়েছে স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট। ২০১৯ থেকে ২০২৩ সালের মধ্যে বিশ্বের বুকে যত অস্ত্র বিক্রি বা আমদানি-রপ্তানি হয়েছে, তার ৪১.৭% হয়েছে আমেরিকার মাধ্যমে। বিশ্বের প্রথম সারির অধিকাংশ সমরাস্ত্র কারখানার ঠিকানা আমেরিকায়। আমেরিকার অর্থনীতি ও প্রশাসনিক নীতি নির্ধারণে অস্ত্র ব্যবসায়ীদের বিশেষ ভূমিকা সর্বজনবিদিত। তাই আমেরিকার রাষ্ট্রপতি নির্বাচনের আগে বিশ্ব উত্তেজনা তথা প্রতিরক্ষা সরঞ্জামের বিক্রি, চাহিদা ও অগ্রিম আদেশ বৃদ্ধি পায়। এটি কাকতালীয় না পরিকল্পিত তা নিয়ে চলে তর্ক-বিতর্ক।

শেষ করব সামাজিক যোগাযোগমাধ্যমে তথা ব্লগে পাওয়া একটি প্রতিবেদনের একাংশ উল্লেখ করে। শান্তিকামী একদল ব্লগারের দাবি- মূলত চীন সামরিক বিচারে কোনোভাবেই আমেরিকার প্রতিদ্বন্দ্বী নয়। আমেরিকা আসলে চীনকে ভয় পায় না, আমেরিকার মূল ভয় 'শান্তি' বা 'বিশ্ব শান্তি'কে। কারণ পৃথিবীর বুকে যুদ্ধ থেমে গেলে এবং শান্তি প্রতিষ্ঠিত হলে আমেরিকার মোড়লগিরি আর থাকবে না। বন্ধ হয়ে যাবে আমেরিকার প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনকারী কয়েক শ ছোট, মাঝারি ও বৃহৎ শিল্পপ্রতিষ্ঠান। বেকার হয়ে যাবেন প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনে নিয়োজিত কয়েক হাজার গবেষক, প্রকৌশলী, শ্রমিক ও বিপণনকর্মী। সংকুচিত হবে প্রতিরক্ষা বাহিনীর আকার এবং নতুন করে প্রতিরক্ষা বাহিনীতে যোগদান তথা বেকারত্ব লাঘবের সুযোগ। বিশ্বের মোট সম্পদের একটা বড় অংশ প্রতিরক্ষা খাতের বদলে অবকাঠামো উন্নয়ন, বেকারত্ব দূরীকরণ, পরিবেশ রক্ষা ও জনকল্যাণে ব্যয় হবে। এতে সবচেয়ে বেশি ক্ষতির সম্মুখীন হবে খোদ আমেরিকা। সুতরাং প্রতিরক্ষা সরঞ্জাম তথা অস্ত্র উৎপাদন না কমলে পৃথিবীর সর্বত্র এমনকি আমাদের দেশেও শান্তি প্রবাহ বিঘ্নিত হবে।

লেখক: গবেষক, বিশ্লেষক ও কলামিস্ট




## ব্রঙ্কসে খলিল বিরিয়ানী পরিদর্শন করলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মাস্টার শেফ নাজিম খান

**বাংলা পত্রিকা রিপোর্ট:** বিশ্বের ৬৫০ জন সার্টিফায়েড মাস্টার শেফের একজন বাংলাদেশী আমেরিকান মাস্টার শেফ নাজিম খান গত ৩ মে শুক্রবার বিকালে ব্রঙ্কসের জনপ্রিয় বাংলাদেশী খাবারের প্রতিষ্ঠান খলিল বিরিয়ানী পরিদর্শনে আসেন। স্পেনের এভিকো কোম্পানীর আমন্ত্রণে বিশ্বের ২০ জন মাস্টার শেফের সাথে এক অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র থেকে একমাত্র আমন্ত্রিত মাস্টার শেফ হিসাবে অংশ গ্রহন করে তার কর্মস্থল নেব্রাস্কা যাবার পথে নিউ-ইয়র্ক যাত্রাবিরতি করে খলিল বিরিয়ানী পরিদর্শনে আসেন মাস্টার শেফ নাজিম খান।



তাঁকে পুস্পস্তবক দিয়ে স্বাগত জানান শেফ খলিলুর রহমান। এসময় সেখানে সাংবাদিক হাবিব রহমান, এডভোকেট এন মজুমদার, মোজাফফর হোসেন, নুরে আলম জিকু, এ ইসলাম মামুন সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন। নাজিম খান জানান, পত্র পত্রিকা এবং সোস্যাল মিডিয়ায় শেফ খলিলুর রহমানের কর্মকান্ড দেখে দীর্ঘদিন থেকে তার সাথে সাক্ষাত করার আগ্রহ ছিলো। এবার একটু সময় বের করে তিনি এসেছেন। তিনি খলিল বিরিয়ানী এবং খলিল চাইনিজের রান্নাঘর পরিদর্শন করে এর ভূয়সী প্রশংসা করেন। তিনি শেফ খলিলের নিজ হাতে রান্না করা কাচ্চি বিরিয়ানী,বাইডেন বিরিয়ানী,এবং বিফ তেহারী খেয়ে মুগ্ধ হন।

শেফ খলিল বাংলাদেশে তার বিভিন্ন প্রজেক্ট নিয়ে তার সাথে মত বিনিময় করেন। বাংলাদেশে দক্ষ শেফ প্রশিক্ষনের জন্য খলিলুর রহমানের প্রস্তাবিত কুলিনারী ইন্সটিটিউটকে তিনি সর্বাত্মক সহযোগীতা করবেন বলে আশ্বাস প্রদান করেন।

উল্লেখ্য, আমেরিকান কুলিনারী ফেডারেশনের সার্টিফায়েড এক্সিকিউটিভশেফ নাজিম খান ফ্রান্সের ওয়ারল্ড সেফ অর্গানাইজেসন থেকে সার্টিফায়েড মাস্টার শেফ ডিগ্রী অর্জন করেন। এই সনদ প্রাপ্তির তালিকায় নাজিম খানই প্রথম বাংলাদেশের নাম লেখালেন। নিকোল কিডম্যান, অ্যালেক বল্ডউইনের মতো খ্যাতনামা হলিউড তারকারা মুগ্ধ নাজিম খাঁনের রান্নায়। সাবেক আমেরিকার ফার্স্টলেডি মিশেল ওবামার জন্যও রেঁধেছেন তিনি। ইউরোপ-আমেরিকাসহ বিভিন্ন দেশের বিখ্যাত মানুষদের জন্য লোভনীয় সব খাবার রান্না করার সুযোগ হয়েছে তার। বর্তমানে তিনি নেব্রাস্কার ব্রাইন হেলথ মেডিক্যাল সেন্টারে এক্সিকিউটিভ শেফ হিসাবে কর্মরত।সেখানে তার অধীনে ৩০০ কুক ও শেফ সেখানকার চিকিৎসক, শিক্ষার্থী, কর্মকর্তা, রোগী এ অতিথিদের জন্য খাবার তৈরি করেন।

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : Abu Taher

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

### উইন রোজারিও নিহতের ভিডিও প্রকাশ

নিউইয়র্ক সিটির ওজনপার্কে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশী তরুণ উইন রোজারিও'র ভিডিও প্রকাশের পর কমিউনিটিতে তোলপাড় শুরু হয়েছে। প্রকাশিত ঐ বডিক্যাম ভিডিওতে প্রকাশ পেয়েছে রোজারিওর মৃত্যুর লোমহর্ষক ও মর্মান্তিক ঘটনা। এতে স্তব্ধ বাংলাদেশী কমিউনিটি তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। এটর্নী জেনারেল অফিস শুক্রবার এই ভিডিও প্রকাশ করে। যারাই ভিডিওটি দেখেছেন তারাই রোজারিও নিহতের ঘটনাটিকে পরিকল্পিত হত্যা বলে মন্তব্য করেছেন। বিচার দাবী করেছেন সংশ্লিষ্ট দুই পুলিশ অফিসারের। বলেন, পুলিশও আইনের উর্দ্ধে নয়।

প্রকাশিত ভিডিওতে দেখা যায় ৯১১-এ খবর পাওয়ার পর পুলিশ অফিসার রোজারিওর ছোট ভাইয়ের সাথে কথা বলতে বলতে তাদের বাসায় প্রবেশ করে। এসময় রোজারিও রান্না ঘরের ড্রয়ার থেকে কাচি বের করে পুলিশের দিকে নিক্ষেপের চেষ্টা করলে তার মা কাঁচি ছাড়িয়ে নেয়। পরবর্তীতে রোজারিও আবার পুলিশের দিকে তেড়ে আসলে পুলিশ তাকে নিবৃত করতে রাবার বুলেট ছুড়ে মারে। এসময় রোজারিও পুলিশকে চলে যেতে চিৎকার করতে থাকে এবং পুলিশও ক্ষিপ্ত হয়ে উঠে। এসময় তার মা ও ভাই রোজারিওকে গুলি না করতে পুলিশের প্রতি বারংবার অনুরোধ করা সত্ত্বেও পুলিশ রোজারিওকে লক্ষ্য করে একাধিক রাউন্ড গুলি করে। মাত্র তিন মিনিটের মধ্যেই রোজারিওকে হত্যার ঘটনা ঘটে। এদিকে এনওয়াইপিডি শুক্রবার এক বিবৃতিতে বলেছে যে, রোজারিও নিহতের ঘটনায় জড়িত দুই পুলিশ কর্মকর্তার শিল্ড ও আগ্নেয়াস্ত্র প্রত্যাহার পূর্বক তাদের 'পরিবর্তিত অ্যাসাইনমেন্ট'-এ রাখা হয়েছে এবং ঘটনাটি তদন্তাধীন রয়েছে।

ভিডিওটি প্রকাশের পর রোজারিওর পরিবার অবিলম্বে ঘটনার সময় দায়িত্বপালনকারী অফিসারদের বরখাস্ত এবং রোজারিওকে হত্যার অভিযোগে ঐ দুই অফিসারের বিচার দাবী করেছে। পরিবার বলছে- রোজারিওকে হারানোর এক মাস সময় চলে গেছে, আমরা প্রতিদিন তাকে মিস করছি।

অপরদিকে উইন রোজারিও নিহতের ভিডিও প্রকাশের পর মেয়র এরিক অ্যাডামস এক বিবৃতিতে উইন রোজারিও নিহতের ঘটনায় গভীর শোক ও সমবেদনা প্রকাশ করলেও অভিযুক্ত দুই পুলিশ অফিসারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা না নেওয়ায় কমিউনিটিতে ক্ষোভ বিরাজ করছে। মেয়র তার বিবৃতিতে উল্লেখিত ঘটনায় এটর্নী জেনারেলের অফিসের তদন্তে সহযোগিতার প্রতিশ্রুতির কথা জানিয়ে বলেছেন- 'আমার হৃদয় ভেঙ্গে গেছে এবং উইন রোজারিওর মৃত্যুর ঘটনার মর্মান্তিক ভিডিও দেখার পরে আমি নিউইয়র্কবাসীদের দ্বারা অনুভূত গভীর বেদনা শেয়ার করছি'।

অপরদিকে উইন রোজারিও নিহতের ঘটনাটিকে হত্যা দাবী করে সংশ্লিষ্ট দুই পুলিশ অফিসারের বিচার দাবীতে আগামী বুধবার ৮ মে বেলা ১২টায় নিউইয়র্ক সিটি হলের সামনে প্রতিবাদ সমাবেশের আয়োজন করেছে ড্রাম।

আমরা মনে করি কেউই আইনের উর্ধ্বে নয়। উইন রোজারিও নিহতের ঘটনাটি যথাযথ তদন্ত পূর্বক ঘটনার সাথে জড়িত পুলিশ অফিসারের দৃষ্টান্তমূলক শাস্তি হোক। সেই সাথে পুলিশ প্রশাসন আর পুলিশের কর্মকান্ডের আমুল সংস্কার।

# বিশ্লেষণ : ডোনাল্ড ট্রাম্প কি দায়মুক্তি পাবেন

॥ ন্যান্সি আইজেনবার্গ ॥

*যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে আদালতে ফৌজদারি মামলা চলছে। ট্রাম্পের দাবি, আইন তাঁকে দায়মুক্তি দিয়েছে। তাই তাঁর বিরুদ্ধে বিচার চলতে পারে না। যুক্তরাষ্ট্রের সংবিধান ও আইন অনুযায়ী ট্রাম্প দায়মুক্তি পেতে পারেন কি না, তা নিয়ে লিখেছেন- লুইজিয়ানা স্টেট ইউনিভার্সিটির ইতিহাসের ইমেরিটাস অধ্যাপক ন্যান্সি আইজেনবার্গ।*

একজন পর্নো অভিনেত্রীর মুখ বন্ধ রাখার জন্য গোপনে ঘুষ দেওয়া এবং ২০২০ সালের যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফলকে উল্টে দেওয়ার চেষ্টা করার ফৌজদারি অভিযোগের মুখে পড়ে ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, একজন সাবেক আমেরিকান প্রেসিডেন্ট হিসেবে দায়মুক্তির সুবিধা তাঁর প্রাপ্য।

ট্রাম্পের দাবি অনুযায়ী, আইন তাঁকে দায়মুক্তি দিয়েছে; তাই এসব অভিযোগে তাঁর বিচার চলতে পারে না। তাঁর এই দাবি ঠিক কি না, তা এখন সুপ্রিম কোর্ট নির্ধারণ করবেন।

সরকারপক্ষের বিশেষ কৌঁসুলি জ্যাক স্মিথের দায়ের করা মামলায় তুলে ধরা বিভিন্ন ঐতিহাসিক ঘটনা ও অন্তত তিনটি নজির থেকে যে বিশ্বাসযোগ্য যুক্তি আমাদের সামনে আসছে, তা ট্রাম্পের দায়মুক্তির দাবিকে খারিজ করে দিচ্ছে। এ ক্ষেত্রে সবচেয়ে সুস্পষ্ট নজির হলো ওয়াটারগেট কেলেঙ্কারি মামলা। ওই মামলা একটি অভিশংসন তদন্তের দিকে মোড় নিয়েছিল এবং ১৯৭৪ সালে প্রেসিডেন্ট রিচার্ড নিক্সনের পদত্যাগ ত্বরান্বিত করেছিল।

ট্রাম্পের বিরুদ্ধে করা মামলার শুনানিতে স্মিথ যুক্তি দিয়েছেন, প্রেসিডেন্ট জেরাল্ড ফোর্ড ওয়াটারগেট কেলেঙ্কারি মামলায় পূর্বসূরিকে ক্ষমা করেছেন এবং এর অর্থ হলো নিক্সন যে অপরাধ করেছিলেন, তা আনুষ্ঠানিকভাবে রাষ্ট্রের দিক থেকে স্বীকার করে নেওয়া। আর নিক্সনের ক্ষমা কবুল তাঁর 'অপরাধের স্বীকারোক্তি'রই প্রতিনিধিত্ব করেছে।

জেরাল্ড ফোর্ডের ক্ষমা না পেলে নিক্সন সম্ভবত ফৌজদারি বিচারের মুখোমুখি হতেন। একবার প্রেসিডেন্ট হলেই যদি নিরঙ্কুশ রক্ষাকবচ স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষিত থাকার বিধান থাকত (ট্রাম্প যেমনটা দাবি করছেন), তাহলে প্রেসিডেন্ট নিক্সনকে ক্ষমা করার কোনো দরকারই পড়ত না।

জ্যাক স্মিথ যুক্তি দিয়েছেন, অন্য দুটি নজিরের সময়ের পার্থক্য দুই শতাব্দীর বেশি। একটি হলো, ১৮০৭ সালে প্রেসিডেন্ট টমাস জেফারসনের তৎকালীন ভাইস প্রেসিডেন্ট আরোন বারের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগে হওয়া মামলা।

অন্য নজিরটি হলো, ২০২০ সালে ট্রাম্প বনাম ভ্যাঞ্চ মামলায় (পর্নো তারকা স্টর্মি ড্যানিয়েলসের ব্যাংক হিসাবে ট্রাম্পের একটি প্রতিষ্ঠান থেকে অর্থ স্থানান্তর করা হয়েছিল কি না, সেই বিষয়ক তদন্তের জন্য ট্রাম্পের প্রতিষ্ঠানকে আর্থিক বিবরণী পেশ করতে ২০১৯ সালে ম্যানহাটানের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি সাইরাস ভ্যাঞ্চ নির্দেশ দিয়েছিলেন।

তবে ট্রাম্প সে হিসাব পেশ না করে সাইরাস ভ্যাঞ্চের বিরুদ্ধে মামলা করেন এবং দাবি করেন, প্রেসিডেন্ট এ ধরনের সম্পদের হিসাব দেওয়ার বাধ্যবাধকতা থেকে দায়মুক্ত সুপ্রিম কোর্টের নেওয়া সিদ্ধান্ত।

আরোন বার ভাইস প্রেসিডেন্টের দায়িত্ব ছেড়ে যাওয়ার প্রায় দুই বছর পর শুরু হওয়া বিচারে তৎকালীন প্রধান বিচারপতি জন মার্শাল এই অভিযোগ আমলে নিয়েছিলেন যে বিবাদী আরোন বার আলাদা দেশ গঠনের জন্য পশ্চিমের অঙ্গরাজ্যগুলোয় বিদ্রোহ উসকে দেওয়ার চেষ্টা করেছিলেন।

প্রকৃতপক্ষে বারের মূল উদ্দেশ্য ছিল স্প্যানিশ মেক্সিকোর সঙ্গে লড়াইয়ের সময় মেক্সিকোর জমি দখলের জন্য একটি ফিলিবাস্টার (ব্যক্তিগত সশস্ত্র বাহিনী) সংগঠিত করা। পক্ষপাতদুষ্ট সংবাদপত্রগুলোর ছড়িয়ে দেওয়া গুজবের ওপর ভিত্তি করে সেই তথাকথিত 'বার ষড়যন্ত্র' আদালত পর্যন্ত গড়িয়েছিল। তবে সেই মামলায় শেষ পর্যন্ত বার খালাস পেয়ে যান।

তবে সর্বসাম্প্রতিক নজিরটি (ট্রাম্প বনাম ভ্যাঞ্চ মামলা) বারের মামলাটিকে নতুনভাবে আরও একবার প্রাসঙ্গিক করে তুলেছে। ট্রাম্প বনাম ভ্যাঞ্চ মামলায় আদালত ট্রাম্পের হাজিরা এড়ানোর এবং পর্নো তারকাকে মুখ বন্ধ রাখার বিনিময়ে ঘুষ দেওয়ার (যে মামলাটি এখন নিউইয়র্কে বিচারাধীন) রেকর্ডপত্র নষ্ট করার সব চেষ্টাকে ভন্ডুল করেছেন। এবার আসুন ঘটনাগুলোর দিকে একটু নজর বোলানো যাক।



আমরা দেখতে পাচ্ছি, সুপ্রিম কোর্ট চার বছর আগেই ট্রাম্পের প্রেসিডেন্ট হিসেবে দায়মুক্তির দাবিকে খারিজ করে দিয়েছিলেন। বিশেষ কৌঁসুলি স্মিথের মতে, যুক্তরাষ্ট্র বনাম বার মামলা এবং ট্রাম্প বনাম ভ্যাঞ্চ মামলা হলো বর্তমান প্রসিকিউশনের 'প্রকৃত ঐতিহাসিক দলিল'। দুই দুটি মামলার প্রতিটিই নিশ্চিত করে, 'প্রেসিডেন্টরাও বিচারিক প্রক্রিয়ার অধীন এবং কোনো ব্যক্তিই আইনের ঊর্ধ্বে নন।'

ট্রাম্প বনাম ভ্যাঞ্চ মামলায় প্রধান বিচারপতি জন রবার্টস সেই দুই শতাধিক বছর আগেকার আরোন বারের নজির টেনে অধিকাংশ মতামত দিয়েছেন। ১৮০৭ সালের বিচারের সময় প্রধান বিচারপতি মার্শাল একটি সাবপোনা ডুসেস টেকাম জারি করেছিলেন, যার অর্থ জেফারসনকে আদালতে কিছু কাগজপত্র হস্তান্তর করতে হবে এবং সম্ভবত তাঁকে আদালতে সশরীর হাজির হতে হবে। শেষ পর্যন্ত জন রবার্টস ট্রাম্প বনাম ভ্যাঞ্চ মামলার উপসংহারে বলেছেন, জেফারসনকে আইনের অধীন দেখানো হয়েছিল।

বারের মামলায় বিচারপতি মার্শালের যে উদ্ধৃতিটি ট্রাম্পের বিরুদ্ধে দায়ের করা মামলায় সরকারপক্ষের বিশেষ কৌঁসুলি স্মিথের মনোবল বাড়িয়ে দিয়েছে, সেটি হলো–'প্রেসিডেন্ট জনগণের মধ্য থেকে নির্বাচিত হন এবং যে সময়ের জন্য তিনি নির্বাচিত হন, তার মেয়াদ শেষ হলে তিনি আবার জনগণের কাতারে ফিরে যান।'

স্মিথ যুক্তি দিয়েছেন, একজন প্রেসিডেন্ট চার বছরের জন্য নির্বাচিত হন। অর্থাৎ তিনি কোনো অবস্থাতেই একজন রাজার পদমর্যাদা ভোগ করেন না। একমাত্র রাজা দায়মুক্তির সুবিধা পেতে পারেন। স্মিথের যুক্তি, চার বছরের মেয়াদ ঠিক করে প্রেসিডেন্ট পদের পালাবদলের নীতি অনুসরণের মধ্যেই নির্বাহী ক্ষমতার সীমারেখা টেনে দেওয়া আছে।

এই নীতি নিশ্চিত করে, একজন প্রেসিডেন্ট কোনোভাবেই একজন রাজার (যিনি সব সময় জনগণের বাইরে ও জনগণ থেকে উঁচু স্তরের অবস্থানে থাকেন) মতো কেউ নন। শুধু রাজারাই পরম দায়মুক্তির দাবি করতে পারেন। ফলে এটি নিশ্চিত যে মার্কিন প্রেসিডেন্টদের ক্ষমতা ও পদবি একেবারেই অস্থায়ী।

সুপ্রিম কোর্টের সামনে আজকে যে বিষয়টি ফয়সালা হওয়ার জন্য অপেক্ষমাণ রয়েছে, তা আদতেই ইতিমধ্যে মীমাংসিত হয়ে যাওয়া একটি বিষয়। কারণ, প্রেসিডেন্টের পরম রক্ষাকবচ বলতে কিছু নেই। এটিই আমেরিকান গণতন্ত্রের মূলমন্ত্র। এর ব্যত্যয় হলে আমেরিকার প্রতিষ্ঠাতা পুরুষেরা ঘেন্নায় কবরেও পাশ ফিরে শোবেন!

এখানেই বারের সেই মামলার তাৎপর্যের শেষ নয়। বার যখন বিচারের মুখোমুখি হয়েছিলেন, তখন তিনি ভাইস প্রেসিডেন্ট পদে ছিলেন না। আগেই তিনি গদি হারিয়েছিলেন এবং প্রেসিডেন্ট জেফারসন তাঁর দ্বিতীয় মেয়াদে বারের বিরুদ্ধে অভিযোগ তদন্তে নেতৃত্ব দিয়েছিলেন।

১৮০০ সালের নির্বাচনে তৎকালীন প্রেসিডেন্ট জন অ্যাডামসের স্থলাভিষিক্ত হতে জেফারসন ও বার ভোটে দাঁড়িয়েছিলেন। এখনকার দিনে ইলেকটোরাল কলেজ ভোটে যেভাবে প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট–দুটি পদ থাকে এবং আলাদা করে এই দুই পদে ভোটাভুটি হয়, তখনকার দিনের সংবিধানে এমন বিধান ছিল না। সে সময় ইলেকটোরাল কলেজ ভোটে যিনি সবচেয়ে বেশি ভোট পেতেন, তিনি প্রেসিডেন্ট হতেন। দ্বিতীয় সর্বোচ্চ ইলেকটোরাল কলেজ ভোট পাওয়া প্রার্থী হতেন ভাইস প্রেসিডেন্ট।

এর আগে অ্যাডামসের প্রতিদ্বন্দ্বী হিসেবে জেফারসন ভোটে দাঁড়িয়েছিলেন। ভোটের দ্বিতীয় সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী হিসেবে তিনি অ্যাডামসের ভাইস প্রেসিডেন্ট হিসেবে চার বছর কাজ করেছিলেন। ১৮০০ সালের নির্বাচনে জেফারসন ও বার সমানসংখ্যক ভোট পেয়েছিলেন। এই ফল দু'জনকেই 'প্রেসিডেন্ট ইলেক্ট' বানিয়ে দেয়। পরে প্রতিনিধি পরিষদের ভোটে জেফারসনের জন্য প্রেসিডেন্ট এবং বারের জন্য ভাইস প্রেসিডেন্ট পদ নির্ধারিত হয়।

এরপর ১৮০৪ সালে যুক্তরাষ্ট্রের সংবিধানে দ্বাদশ সংশোধনী এনে এ সমস্যাটি (বাকি অংশ ১৩ পাতায়)

## নামাজের সময়-সূচী

| মে | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৪.২১ | ৪.১৯ | ৪.১৮ | ৪.১৬ | ৪.১৫ | ৪.১৩ | ৪.১২ |
| সূর্যোদয় | ৫.৪৮ | ৫.৪৭ | ৫.৪৬ | ৫.৪৪ | ৫.৪৩ | ৫.৪২ | ৫.৪১ |
| জোহর | ১২.৫২ | ১২.৫২ | ১২.৫২ | ১২.৫২ | ১২.৫২ | ১২.৫২ | ১২.৫২ |
| আসর | ৫.৫১ | ৫.৫২ | ৫.৫২ | ৫.৫৩ | ৫.৫৪ | ৫.৫৪ | ৫.৫৫ |
| মাগরিব | ৭.৫৭ | ৭.৫৮ | ৭.৫৯ | ৮.০০ | ৮.০১ | ৮.০২ | ৮.০৩ |
| এশা | ৯.২৪ | ৯.২৫ | ৯.২৭ | ৯.২৭ | ৯.২৯ | ৯.৩১ | ৯.৩২ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

\- সম্পাদক।

# মহান মে দিবস! সেই দিন এই দিনের পাঁচালি

॥ গোলাম মাওলা রনি ॥

ঘটনাটি প্রায় চার দশক আগের। সালটি মনে করতে পারছি না। তবে তারিখটি ছিল ১ মে। এরশাদ জমানার প্রথম দিক। মানুষ তখনো সামরিক সরকারের বিরুদ্ধে ফুঁসে ওঠেনি। বরং এরশাদের সাইকেল চালিয়ে অফিস যাওয়া-হেলিকপ্টারে করে আটরশি যাওয়া এবং সামরিক পোশাক পরে সকাল-বিকাল তার মুখে নানারকম অরাজনৈতিক চটুল কথাবার্তা শুনে দেশবাসী এক অদ্ভুত সময় পার করছিল। তখন সংবাদপত্রের বেশ দাপট ছিল। কবি-সাহিত্যিক, গায়ক-নায়কদের যথেষ্ট কদর ছিল। রাজনীতি থমকে ছিল- আর রাজনীতিবিদরা কিংকর্তব্যবিমূঢ় অবস্থায় নিদারুণ এক অবসর সময় কাটাচ্ছিল। ঠিক সেই সময়ের ১ মে তারিখে আমি আমার এক বন্ধুকে নিয়ে রাজপথে বের হলাম। আমার বন্ধুটি আজ উঁচু সরকারি পদে রয়েছেন। সুতরাং তার নামটি সরাসরি উচ্চারণ না করে আজকের নিবন্ধে তাকে আমি আমিত সাহা বলে সম্বোধন করব।

যে সময়ের কথা বলছি তখন আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়তাম এবং স্যার এ এফ রহমান হলে থাকতাম। আর আমিত সাহা থাকত সূর্যসেন হলে। আমাদের দু'জনের মাসিক খরচ আসত পিতৃভান্ডার থেকে এবং মাসের শেষ সপ্তাহে তীব্র আর্থিক টানাটানির মধ্যে থাকতাম। টাকা পাঠাতে ২-১ দিন দেরি হলে কি যে বিচ্ছিরি একটা অবস্থা হতো তা ভাষায় প্রকাশ করা যাবে না। পকেট খালি থাকত। হলের দোকানে বাকি খাওয়ার জন্য অনেকে লাইন দিত। যাদের নাক উঁচু তারা শূন্য পকেটে অভুক্ত অবস্থায় হেসে খেলে ২-১ দিন কাটিয়ে দিত। অবস্থা বেশি খারাপ হলে কেউ কেউ বহু দূর হেঁটে কোনো আত্মীয়ের বাসায় গিয়ে দুমুঠো অন্নের সংস্থান করে হিমালয় জয়ের/আবিষ্কারের আনন্দ নিয়ে হলে ফিরতেন।

ঘটনার দিন আমরা সকাল ১০টায় হল থেকে বের হয়ে কলাভবনের সামনে মিলিত হলাম। একটি কানাকড়িও ছিল না। কিন্তু মনের মধ্যে কেন জানি খুব ফুর্তি ফুর্তি ভাব ছিল। কলাভবন থেকে হেঁটে টিএসসি-শাহবাগ-জাতীয় শহীদ মিনার এবং প্রেস ক্লাব হয়ে যখন পুনরায় টিএসসিতে এলাম তখন পিপাসা-ক্ষুধা-ক্লান্তিতে দুনিয়াটিকে গদ্যময় মনে হতে থাকল। মে মাসের প্রচন্ড রৌদ্রতাপ-রাস্তাজুড়ে অসংখ্য রঙ-বেরঙের মিছিল। বিভিন্ন সাংস্কৃতিক গোষ্ঠীর গণসঙ্গীত, স্লোগান এবং নিজেদের শরীরের তারুণ্য মিলে এমন এক রসায়ন সৃষ্টি করেছিল যার কারণে মাথার ওপর ৪২ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা, ফাঁকা পকেট, শূন্য পাকস্থলী ইত্যাদি কোনো কিছুই আমাদের দুই বন্ধুর চারটি ঠ্যাংকে দাবায়ে রাখতে পারেনি। কিন্তু টানা ৪ ঘণ্টা রোদের মধ্যে হাঁটাহাঁটির পর আমরা প্রায় জ্ঞান হারানোর পর্যায়ে পৌঁছে গেলাম।

আমরা উভয়েই বুঝলাম আমাদের জন্য কিছু খাদ্য এবং পানীয় দরকার। উদাস দৃষ্টিতে চার দিকে তাকালাম। হঠাৎ একটি দৃশ্য দেখে খুশিতে আমার চোখ টগবগ শুরু করে দিলো। আমি দেখলাম অদূরে একদল স্বেচ্ছাসেবক রক্ত সংগ্রহ করছে। রক্তাদাতারা রক্তদান করছেন এবং তার পর দুটো সিঙ্গারা এবং এক বোতল কোকাকোলা দ্বারা আপ্যায়িত হচ্ছেন। আমি আমিত সাহাকে বললাম, চলো, রক্ত দিয়ে অন্যের প্রাণ বাঁচাই আর নিজেরাও বাঁচি। আমার কথা শুনে আমিতের মুখ কালো হয়ে গেল। চোখে মুখে রাজ্যের হতাশা-ভয় এবং আতঙ্ক ভর করল। বেচারা বিরস বদনে বলল- দোস্ত! ইনজেকশনকে আমি ভীষণ ভয় পাই। তা ছাড়া এখন আমার শরীরের যে অবস্থা, রক্ত দিলে তো মরেই যাবো। আমি তার পিঠ চাপড়িয়ে সাহস দিয়ে বললাম, আমি আগে দেবো। তুমি দেখবে। যদি বেশি ভয় পাও তবে দরকার নেই। আমরা সিঙ্গারা আর কোক ভাগ করে খাবো। আমিত রাজি হলো- আর আমি রক্ত দেয়ার জন্য শুয়ে পড়লাম।



ইনজেকশনে আমারও প্রবল ভয় ছিল, আর রক্তও আমি জীবনে দেইনি। দ্বিতীয়ত, রক্ত দেখলে আমার মাথা ঘোরে। এ কারণে জীবনে কোনো মুরগি জবাই তো দূরের কথা, জবাইয়ের দৃশ্যও



দেখিনি। পশুপাখি জবাই আমার কাছে বীভৎস মনে হতো। এ জন্য বহুকাল পর্যন্ত আমি গোশত খাইনি। সুতরাং আমিতকে অভয় দিয়ে আমি শুয়ে পড়লাম বটে কিন্তু আমার বুকের ধুকধুকানি এবং দাঁতের পাটির ঠকঠকানি তবলার মতো এক সঙ্গে বাজতে লাগল। পরিস্থিতি সামলে নেয়ার জন্য আমি চোখ বুঝলাম। কিন্তু স্থির থাকতে পারলাম না। আড়চোখে ইনজেকশনের সুইয়ের আকার আকৃতি দেখলাম। বেশ বড় সুই- সাধারণত গরুকে ইনজেকশন দেয়ার জন্য এই মানের সুই ব্যবহার করা হয়। সুতরাং আমার স্নায়বিক দুর্বলতা বাড়ল। কিন্তু এত লোকের সামনে তা প্রকাশ হোক সেটা কিছুতেই মেনে নিতে পারলাম না। সুতরাং দাঁতে দাঁত চেপে নিজেকে সমর্পণ করে দিলাম।

আমার পালা শেষ হওয়ার পর আমিতকে রক্তদানের জন্য ডাকা হলো। আমি তার মুখের দিকে তাকিয়ে দেখলাম সে রীতিমতো কাঁপছে। আমি তার হাত ধরে নির্দিষ্ট স্থানে নেয়ার সময় অনুভব করলাম যে, সতীদাহ প্রথা চালুকালীন সময়ে সহমরণযাত্রীর মধ্যে যে ধরনের ভাবাবেগ কাজ করত ঠিক তেমন অবস্থা সৃষ্টি হলো আমিত সাহের ক্ষেত্রে। সে ভাষা হারিয়ে ফেলেছিল এবং তার চিন্তাশক্তি স্থবির হয়ে পড়েছিল। তার মুখমন্ডল ফ্যাকাসে হয়ে গেল। চোখ দুটো গোল হয়ে খাকিটা অশ্রুসিক্ত হলো এবং ফিসফিসিয়ে শুধু এতটুকু বলল- মরে যাবো না তো।

রক্তদান শেষে আমরা সিঙ্গারা ও কোকাকোলা পেলাম। ওগুলো খেতে গিয়ে নিজেদের বিশ্ববিজয়ী আলেকজান্ডার বলে মনে হতে থাকল। সিঙ্গারা যে এত সুস্বাদু হতে পারে এবং কোকাকোলা যে এত সুমধুর পানীয় হতে পারে তা সে দিনের তপ্ত দুপুরে আমরা যেভাবে অনুভব করেছিলাম তা বাকি জীবনে দ্বিতীয়বার ঘটেনি। রক্তদান শেষে যে অনাবিল প্রশান্তি অনুভব করেছিলাম তা ভাষায় প্রকাশ করা যাবে না এবং সেই ঘটনা আমাদের একজন উত্তম এবং নিয়মিত রক্তদাতাতে পরিণত করেছিল। ফলে আজও রক্তদানের কোনো সুযোগ পেলে ছাতছাড়া করি না।

আজ চার দশক পর উল্লিখিত ঘটনা মনে পড়ল, ২০২৪ সালের ১ মের ঘটনার বাস্তব রূপ দেখার পর। সকালে উঠে পত্রিকার প্রথম পাতায় মহান মে দিবস নিয়ে তেমন কোনো খবর দেখিনি। কোনো কোনো পত্রিকার ভেতরের পাতায় খুবই গুরুত্বহীনভাবে সংক্ষিপ্ত আকারে মে দিবসের নামকাওয়াস্তে একটি প্রতিবেদন ছাপিয়েছে এবং মে দিবস উপলক্ষে পত্রিকা অফিস বন্ধ থাকবে এবং ২ মে পত্রিকা প্রকাশিত হবে না- এমন বিজ্ঞাপন বা ছুটির ঘোষণা ছাপানো হয়েছে। সকালে রাস্তায় বের হলাম। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ঘুরে আগের সেই ভিড় তো দূরের কথা সামান্য হইচইও নজরে এলো না। মিছিল মিটিং গণসঙ্গীতের পরিবর্তে পুরো এলাকায় বিরাজ করছে সীমাহীন নির্জনতা। আমার গাড়ি যখন টিএসসির গোল চক্কর অতিক্রম করছে তখন দেখলাম রাজু চত্বরে ৮-১০ জন তরুণ-তরুণী জটলা করে ছবি তোলার চেষ্টা করছে। তারপর দোয়েল চত্বর পেরিয়ে যখন প্রেস ক্লাব অতিক্রম করলাম তখন বেশ কয়েকটি শ্রমিক সংগঠনকে দেখলাম মেট্রোরেলের স্টেশনের ছায়ার মধ্যে দাঁড়িয়ে গতানুগতিক বক্তব্য দিচ্ছে।

বাংলাদেশের চলমান রাজনৈতিক দুরবস্থা এবং বিরূপ প্রাকৃতিক পরিবেশ দেশকাল সমাজের সব কিছু তছনছ করে দিয়েছে। এবারের যে গরমের কথা বলা হচ্ছে যা কমবেশি আদিকালেও ছিল। কিন্তু অতীতে যত গরমই পড়ুক না কেনো তা মানুষের চামড়ায় তাপদাহ সৃষ্টি করত কিন্তু মন ও মস্তিষ্কে দহন সৃষ্টি করতে পারত না। কিন্তু বর্তমানকালে কেবল মানুষ নয়- প্রকৃতির সব প্রাণীর মনের পর্দা ছিঁড়ে গেছে। প্রাণীগুলোর মস্তিষ্কের যে রক্ষা দেয়াল তাও নষ্ট হয়ে গেছে। ফলে প্রকৃতির চাপ তাপ দুর্গন্ধ কোলাহল হট্টগোল ইত্যাদি একই সাথে শরীর মন মস্তিষ্কে আঘাত হানে। এই অবস্থায় ২০২৪ সালের ১ মে তারিখের ৪২ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা তিনগুণ হয়ে মানুষের ইহজগতের সব অনুভূতিকে তছনছ করে দিচ্ছে।

উল্লিখিত অবস্থায় বিশ্ববিদ্যালয় আছে কিন্তু ছাত্ররা মে দিবসের অনুষ্ঠানে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য ৪০ বছর আগের মতো খালি পকেটে বের হচ্ছে না। কেউ আর্তদের জন্য যেমন রক্ত সংগ্রহ করছেন না, আর রক্ত দেয়ার জন্য যেকোনো ওসিলায় সেখানে রক্তদাতাদের পাওয়া যাচ্ছে না। গণসঙ্গীত তো দূরের কথা, পাখ-পাখালির কণ্ঠের ওপর কে বা কারা যেন নিষেধাজ্ঞা আরোপ করেছে। ফলে গত এক মাসের অধিক সময় ধরে কোনো কাকের কা কা শব্দ আমি শুনিনি। কুকুরের ঘেউ ঘেউ বন্ধ। বিড়ালের মিউমিউ গরুর হাম্বা ছাগলের ভ্যা ভ্যা ইত্যাদি এখন মানুষের কর্ণকুহরে প্রবেশ করে না। মানুষের দৃষ্টিশক্তি যেসব নান্দনিকতা দেখে উজ্জীবিত হতে পারে এসবের পরিবর্তে যা দৃশ্যমান হয় তা মন-মস্তিষ্কে আগুন ধরিয়ে দেয়। বাজারে গিয়ে মধ্যবিত্তের আহাজারি, দরিদ্র্য জনগোষ্ঠীর কান্না, পারিবারিক বন্ধন, পারস্পরিক মায়াদয়া বিলীন হয়ে উল্টো নিষ্ঠুরতা ও নির্মমতার নিত্যনতুন দৃশ্য যেভাবে বিভিন্ন মাধ্যমে আমাদের ইন্দ্রিয়গুলোতে আঘাত হানছে, তার ফলে চলমান তাপদাহের যন্ত্রণা বহুগুণে বেড়ে যাচ্ছে।

উল্লিখিত অবস্থায় মানুষ ক্রমেই নিয়তিনির্ভর হয়ে পড়েছে। আল্লাহর নারাজি এবং মানুষের কুকর্মের কারণে গজব আকারে জমিনে মারাত্মক গরম বৃদ্ধি পেয়েছে এসব কথা বলে প্রকৃত অপরাধ ধামাচাপা দিয়ে বেশির ভাগ মানুষ কোনো মতে হইলীলা সাঙ্গ করতে চাচ্ছে। গরমের পর ঝড় হবে, আবার ঝড়ের পর বৃষ্টি বন্যা হবে এবং সবশেষে তুষারপাতসহ প্রবল শীত আমাদেরকে আক্রমণ করে চিরহরিৎ নাতিশীতোষ্ণ মাতৃভূমিকে চরমভাবাপন্ন বানিয়ে ফেলবে- এসব কথা হরহামেশা আলোচিত হলেও কেন আমরা অনুভূতিহীন জাতিতে পরিণত হলাম এবং কেন আমাদের দৈনন্দিন জীবন ক্রমে দুর্বিষহ হয়ে পড়ছে আর আমরা কেন বোবা প্রাণীর মতো আচরণ করছি তা অনুধাবন করার মতো শক্তি অর্জন না করা পর্যন্ত চলমান পরিস্থিতি দিনকে দিন আরো খারাপ হতে বাধ্য।

লেখক : সাবেক সংসদ সদস্য



# Tax & Consulting Services
for Individual and Businesses

## Southeast USA Group Inc.

**OUR SERVICES**

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

**Prof. Ehteshamul Haque**
Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372
Visit: www.southeastusagroup.com

# Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
**718-431-0009**
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

# LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

## ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস


সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

**MURAD HOSSAIN** MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



# অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ঠেংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

**আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?**

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

## Law Offices of Ashok K. Karmaker, P.C.

**Queens Main Office:** Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
**Tel: (212) 714-3599, (718) 408-3282.** Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
**Tel: (718) 662-0100,** Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
**Dhaka Office:** US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

# ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

**মোহাম্মদ এ. আজিজ Esq**
এটর্নী এট ল'

For Appointment: **(917)-434-3338**
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

## সামারে ভ্রমণে ওয়ার্ল্ড ট্যুর এন্ড ট্রাভেলস বিশেষ অফার

(শেষের পাতার পর)

ফ্লোরিডার মায়ামী, অরল্যান্ডো ভ্রমণ পিপাসুদের পছন্দের শীর্ষে রয়েছে বরে জানান তিনি। সেই সাথে তুরস্ক ও মিশর ভ্রমণেও বাংলাদেশীদের ভীড় বাড়ছে।

তিনি বলেন, ডব্লিউ ডব্লিউ ডট গ্লোবাল ট্রাভেল বিডি ডট কম-এর মাধ্যমে খুব সহজেই অনলাইনে টিকিট কাটার সুযোগ রয়েছে। অফলাইনের পাশাপাশি অনলাইনেও টিকিট কাটার সুযোগ রয়েছে গ্লোবাল ট্যুর এন্ড ট্রাভেলস থেকে। টিকিট ক্রয়ের পাশাপাশি হোটেল গাইড থেকে শুরু করে ভ্রমণ সংক্রান্ত যেকোন ধরনের সহযোগিতাও করে থাকে গ্লোবাল ট্যুর এন্ড ট্রাভেলস। রয়েছে সবচেয়ে কম মূল্যে টিকিট করার সুযোগ রয়েছে। আগে টিকিট কাটলে অনেক কম মূল্যে টিকিট ক্রয় সম্ভব বলেও জানান শামসুদ্দীন বশির।

## নিউইয়র্কে চোখ রাঙাচ্ছে এম-ফক্স ভাইরাস, সতর্কতা জারি)

(প্রথম পাতার পর)

মাংকি-ফক্সে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদফতর। গত ৩ মে শুক্রবার এক বিবৃতিতে স্বাস্থ্য অধিদফতর এ নিয়ে নিউইয়র্কারদের জন্য একটি স্বাস্থ্য সতর্কতাও জারি করেছে।

স্বাস্থ্য অধিদপ্তর জানায়, গত বছরের জানুয়ারী থেকে অক্টোবর পর্যন্ত প্রতি মাসে ২ থেকে ২০টি কেস শনাক্ত হয়েছে। কিন্তু হত অক্টোবর থেকে প্রতি মাসে গড়ে ৩৬ টি কেস শানক্ত হয়েছে। যার মধ্যে শুধু জানুয়ারীতেই ৫১টি এমফক্স রোগী শনাক্ত করা হয়েছে। এমফক্সে আক্রান্ত রোগীর শরীরে র‍্যাশ, জ্বর, ঠান্ডা, মাথা ও পেশি ব্যথাসহ বিভিন্ন উপলক্ষ দেখা দিতে পারে বলে জানা গেছে। ইউএস সেন্ট্রাল ফর ডিজিজি কন্ট্রোল এক বিবৃতিতে এমফক্সে আক্রান্ত রোগীদের সংস্পর্শে আসা ব্যক্তিদের দ্রুত নিকটবর্তী হাসপাতাল থেকে ভ্যাকসিন নেওয়ার পরামর্শ দিয়েছে।

## উইন রোজারিও নিহতের ভিডিও

(প্রথম পাতার পর)

পুলিশও আইনের উর্দ্বে নয়।

উইন রোজারিও ভিডিও প্রকাশের পর কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ভিডিওটি দেখে স্তব্ধ হয়ে গেছেন বলে জানিয়েছেন। তারা বলেন, পুলিশ হচ্ছে জনগণের বন্ধু, মানুষকে হত্যা করা নয়। ভিডিওটি দেখেই বুঝা যায়, পুলিশ চাইলে রোজারিও-কে বাঁচাতে পারতো। তারা রোজারিও'র নিহতের ঘটনাকে পরিকল্পিত হত্যা বলেও দাবী করেন এবং এই দাবীতে কমিউনিটির জোড়ালো আন্দোলন প্রত্যাশা করেন।

সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান বলেন, রোজারিও নিহতের ঘটনা পুরো ভিডিও দেখা সম্ভব না। শক্ত মনের মানুষ না হলে কারো পক্ষে এই ভিডিও দেখা সম্ভব না। তিনি বলেন, মানসিকভাবে অসুস্থ রোজারির ওপর পুলিশ যেভাবে গুলি চালিয়েছে তা হৃদয় বিদারক। রোজারিও নিহতের ঘটনাটিকে একটি হত্যাকান্ড হিসেবেই তিনি দেখছেন। তিনি বলেন, শুধু বাংলাদেশী কমিউনিটি হিসেবে নয়, নিউইয়র্ক সিটির সকল কমিউনিটির জন্যই ঘটনাটি ভাবতে হবে। নিউইয়র্কবাসীদের নিরাপত্তার জন্যই ঐকবদ্ধ প্রতিবাদ জরুরী।

সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন বলেন, মানুষ বিপদে পড়লে ৯১১-এ কল করলেন পুরিশ সাহয্যের জন্য এগিয়ে আসে। আর রোজারিও'র ক্ষেত্রে দেখলাম পুলিশ তাকে বণাচাতে গিয়ে হত্যা করলো। এ অবস্থা চলতে থাকলে মানুষ বিপদে পড়লেও আর ৯১১-এ কল দেবে না। তিনি আরো বলেন, ভিডিওটি প্রকাশের পর মেয়র এরিক অ্যাডামস বিবৃতি দিয়ে শোক ও সমবেদনা প্রকাশ করেছেন, কিন্তু কোন ব্যবস্থা নেননি সংশ্লিস্ট পুলিশ অফিসারদের বিরুদ্ধে। এটা মেনে নেয়া যায় না।

ড্রাম-এর সংগঠক কাজী ফৌজিয়া বলেন, রোজারিও'র নিহতের ঘটনা একটি হত্যা। পুলিশ পরিকল্পিতভাবে তাকে হত্যা করেছে। তার হত্যার প্রতিবাদ আর বিচারের দাবীতে কমিউনিটিকে ঐক্যবদ্ধ আন্দোলন করে ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে।

কিশোরগঞ্জ ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকার বোর্ড অব ট্রাষ্টির চেয়ারম্যান এবিএম ওসমান গণি ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, আমি বাংলাদেশী কমিউনিটির পক্ষ থেকে রোজারিও হত্যার তদন্ত সাপেক্ষে ন্যায় বিচার চাই। একইভাবে রোজারিও-কে হত্যার বিচার দাবী করেন সংগঠনটির নবনির্বাচিত চেয়ারম্যান এবাদুল হক।

এদিকে উইন রোজারিও নিহতের ভিডিও প্রকাশের পর মেয়র এরিক অ্যাডামস এক বিবৃতিতে উইন রোজারিও নিহতের ঘটনায় গভীর শোক ও সমবেদনা প্রকাশ করলেও অভিযুক্ত দুই পুলিশ অফিসারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা না নেওয়ায় কমিউনিটিতে ক্ষোভ বিরাজ করছে। মেয়র তার বিবৃতিতে উল্লেখিত ঘটনায় এটর্নী জেনারেলের অফিসের তদন্তে সহযোগিতার প্রতিশ্রুতির কথা জানিয়ে বলেছেন- 'আমার হৃদয় ভেঙ্গে গেছে এবং উইন রোজারিওর মৃত্যুর ঘটনার মর্মান্তিক ভিডিও দেখার পরে আমি নিউইয়র্কবাসীদের দ্বারা অনুভূত গভীর বেদনা শেয়ার করছি'।

অপরদিকে উইন রোজারিও নিহতের ঘটনাটিকে হত্যা দাবী করে সংশ্লিষ্ট দুই পুলিশ অফিসারের বিচার দাবীতে আগামী বুধবার ৮ মে বেলা ১২টায় নিউইয়র্ক সিটি হলের সামনে প্রতিবাদ সমাবেশের আয়োজন করেছে ড্রাম।

## সিটি কোর্টে আটককৃত যুবককে হাজির

(প্রথম পাতার পর)

মাধ্যমে ঘটনার বিস্কারিত তুলে ধরে বলেছে ইউসুফ-বাবুল হত্যার সন্দেহে এক যুবককে আটক করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে। তবে আবু ইউসুফ এবং বাবুল মিয়ার খুনের সন্দেহে আটক যুবক ডালি কুমিঙ্কস-কে (উধষব ঈঁসসরহমং) শুক্রবার (৩ মে) আদালতে হাজির করা হয়। এদিন বাফেলো সিটি কোর্টে এই ফেলনী মামলার হিয়ারিং ছিল। এই রিপোর্ট লেখা পর্যন্ত তাকে (ডালি কুমিঙ্কস) বন্দুক মামলাতেই আটক রাখা হয়েছে। তার বিরুদ্ধে এখনো খুনের কোন মামলা দেয়া হয়নি বলে জানা গেছে। আগামী ১৩ মে আবার এই মামলার হেয়ারিং এর সময় দেয়া হয়েছে। অপরদিকে নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদা নিহত আবু সালেহ ইউসুফের পরিবার ও বাফেলোর পুলিশ কমিশনারের সাথে সাক্ষাৎ করেছেন।

উল্লেখ্য, গত ২৭ এপ্রিল শনিবার এক বন্দুকধারীর গুলিতে আবু সালেহ মোহাম্মদ ইউসুফ (৫৩) ও বাবুল মিয়া (৫৮) হত্যাকান্ডের শিকার হন। এই ঘটনায় বাংলাদেশী কমিউনিটিতে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। সব সময় একটা ভয় কাজ করছে বলে জানিয়েছে বাফেলোর প্রবাসী বাংলাদেশীরা। নিহত আবু সালেহ মোহাম্মদ ইউসুফের নামাজে জানাজা গত ৩০ এপ্রিল মঙ্গলবার বাফেলোর ফিলমোর এভিনিউস্থ মসজিদে অনুষ্ঠান শেষে স্থানীয় কবরস্থানে তার মরদেহ দাফন করা হয়। অপরদিকে নিহত বাবুল মিয়ার নামাজে জানাজা গত ১ মে বুধবার মেরিল্যান্ড রাজ্যের কলেজ পার্ক শহরস্থ দারুস সালাম মসজিদে অনুষ্ঠিত হওয়ার পর স্থানীয় কবরস্থানে তার মরদেহ দাফন করা হয়েছে। পারিবারিক সিদ্ধান্তেই তার মরদেহ বাফেলো থেকে মেরিল্যান্ড নিয়ে যাওয়া হয়।

এদিকে নিউইয়র্কের কনসাল জেনারেল নাজমুল হুদা গত ১ মে বুধবার বাফেলো সিটিতে গিয়ে আবু সালেহ মোহাম্মদ ইউসুফের পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেন। নিহত বাবুল মিয়ার পরিবার জানাজার জন্য মেরিল্যান্ডে অবস্থান করায় তাদের সঙ্গে দেখা হয়নি। সাক্ষাৎকালে কনসাল জেনারেল এ ঘটনায় বাংলাদেশের কনস্যুলেট জেনারেলের পক্ষ থেকে সম্ভাব্য সব ধরনের সহায়তার আশ্বাস দিলেও পরিবার দুটি এখন পর্যন্ত কোনো আর্থিক সহায়তা পাননি। বাংলাদেশীর পরিবার দুটি পেয়েছেন শুধুই 'সরকারি সান্তনা'।

অপরদিকে বাফেলোর পুলিশ কমিশনার জোসেফ এ গ্রামাগলিয়ার সঙ্গে সাক্ষাৎ করে এ ভয়াবহ অপরাধের তদন্তের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন নাজমুল হুদা। পুলিশ কমিশনার তাকে জানিয়েছেন, ভয়ঙ্কর হত্যাকান্ডের জন্য ব্যবহৃত আগ্নেয়াস্ত্রসহ অপরাধীকে দ্রুত গ্রেপ্তার করা হয়েছে। মামলার তদন্ত চলছে। অপরাধটি বাংলাদেশী কমিউনিটিকে লক্ষ্য করে হয়নি। এটি একটি বিচ্ছিন্ন অপরাধমূলক কাজ, যার (অপরাধীর) অতীতে একাধিক অপরাধমূলক কাজের রেকর্ড ছিল। তিনি ডাবল খুনের শিকার পরিবারসহ বাফেলোতে নিরাপত্তার জন্য সম্ভাব্য সব ধরনের সহায়তার আশ্বাস দিয়েছেন কনসাল জেনারেলকে।

কনসাল জেনারেল নাজমুল হুদা বাফেলো শহরের মেয়রের সঙ্গে দেখা করার চেষ্টা করলেও তা সম্ভব হয়নি। তবে মেয়রের সঙ্গে নিয়ে আলোচনা করতে শিগগির তিনি আবারও বাফেলোতে যাবেন বলে মিডিয়াকে জানিয়েছেন। তিনি বলেন, ইউসুফের পরিবারের সদস্যরা অত্যন্ত ঝুঁকিপূর্ণ পরিস্থিতির মধ্যে রয়েছেন। তাদের জন্য দীর্ঘমেয়াদি সহায়তার প্রয়োজন।

এদিকে গুলিতে নিহত আবু সালেহ ইউসুফ ও বাবুল মিয়ার পরিবারের সহযোগিতার জন্য তহবিল সংগ্রহের উদ্যোগ নেয়া হয়েছে। মসজিসগুলোর মাধ্যমে এই সাহায্য সংগ্রহ করা হবে বলে বাফেলো থেকে প্রাপ্ত খবরে জানা গেছে। প্রয়োজনীয় তথ্যের জন্য আব্দুল খান ফাহিম (৩৪৭-৯৩৫-২৭৬৭) ও মোহাম্মদ হাবিবুর রহমান (৫৮৫-৬৮৯-১৭২৬) রহমানের






# ইমিগ্রেশন ও আপনি


এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**কুইন্স থেকে মারুফ হোসেনের প্রশ্নঃ**

আমি একজন ইউএস সিটিজেন হিসেবে বাংলাদেশে বসবাসকারী আমার ভাই-বোনের জন্যে আবেদন করেছিলাম ২০১২ সালে। কিছুদিন আগে আমি আমার বাসা পরিবর্তন করেছি। এখন আমি নতুন ঠিকানায় বাস করছি। তাই আমার জানার বিষয় হচ্ছে কিভাবে আমি আমার ঠিকানা পরিবর্তন করব? এটা কি ইমেইল অথবা ইমিগ্রেশনে ফোন করে করতে হবে? এর জন্যে কোন ক্লাসিফাইড ফরম আছে? এ ব্যাপারে আরেকটি জানার বিষয় হচ্ছে আমার ভাইবোনদের একজন বোন মারা গেছে। তার পরিবার বাংলাদেশে আছে, আমার এই বোনের জন্যও আমি আবেদন করেছিলাম। আমার ঐ মৃত বোনের পরিবারের জন্য কি এখানে আনার ব্যাপারে কোন ব্যবস্থা আছে?

এ ব্যাপারে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

**মারুফ হোসেনের প্রশ্নের উত্তরঃ**

ইউএসসিআইএস'র অনলাইনে অথবা চিঠির মাধ্যমে ঠিকানা পরিবর্তন করা যাবে। কেস পেন্ডিং থাকলে সেক্ষেত্রে ঠিকানা পরিবর্তনের জন্য ইউএসসিআইএ-স'র ওয়েব সাইটে ঢুকে ঠিকানার পরিবর্তন করতে হবে। আই-১৩০ ফরম অনুমোদন পেলে এবং কেসটি এনভিসিটিতে থাকলে, সেক্ষেত্রে ঠিকানা পরিবর্তনের জন্য এনভিসি'র সঙ্গে যোগাযোগ করতে হবে। আর কেউ যদি ইতোমধ্যে ডিএস-২৬০ ফরম পূরণ করে থাকেন, সেক্ষেত্রে ঠিকানা পরিবর্তনের জন্য অবশ্যই ডিএস ২৬০ ফরম পূণরায় ওপেন করার জন্য অনুরোধ জানাতে হবে।

উল্লেখ্য যে, গ্রিনকার্ডধারীদের ঠিকানা পরিবর্তন করতে হলে তাদের ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে এআর-১১ ফরম পূরণ করতে হবে। এআর-১১ ফরম অন লাইনে পাওয়া যায় এবং অনলাইনেই পূরণ করতে হবে।

রিলেটিভ পিটিশনের ক্ষেত্রে আবেদনকারী এবং বেনিফিশিয়ারি উভয়েই জীবিত থাকতে হবে গ্রিনকার্ড পাওয়া পর্যন্ত। গ্রিনকার্ড পাওয়ার পূর্বে তারও একজনের মৃত্যু হলে সঙ্গে সঙ্গে ফ্যামিলি পিটিশিনও অকার্যকর হয়ে যাবে। সাধারণভাবে এটাই নিয়ম। তবে ইমিগ্রেশন কোন কোন ক্ষেত্রে মানবিক বিচেনায় ব্যতিক্রম পদক্ষেপ নিতে পারে। যদি ভিসা প্রাপ্তি সহজলভ্য হয়, বেনিফিশিয়ারির মৃত্যর আগে।

এ ব্যাপারে প্রয়োজবোধে একজন অভিজ্ঞ এটর্নীর সাথে আলোচনা করা ভালো। যিনি সাক্ষাতে আলোচনা করে উপযুক্ত পরামর্শ দিতে পারবেন।



**নিউইয়র্ক থেকে হাসনা খানমের প্রশ্নঃ**

আমি একজন ইউএস সিটিজেন হিসেবে আমার বাংলাদেশে বসবাসকারী ভাইদের জন্য আবেদন করেছিলাম। কিন্তু আমি এখানে কোন কাজ করি না। আর আমার স্বামীও অসুস্থতার জন্য বেশি কাজ করতে পারেন না। সংসার চালাতে খুব কষ্ট হয় বলে আমাকে কেউ কেউ ফুড স্ট্যাম্পের জন্য পরামর্শ দিয়েছে।

কিন্তু ইমিগ্রেশন বিষয়ে আমি তেমন কিছু জানিনা বলে আপনার পরামর্শ কামনা করছি। আমার প্রশ্নের মতো প্রায় একই ধরনের প্রশ্ন আমি এই বিভাগে দেখেছি বলে নিজের প্রয়োজনে আপনার পরামর্শ কামনা করছি। আমার জানার বিষয় হচ্ছে আমি যদি ফুড স্ট্যাম্প গ্রহণ করি তাহলে আমার ভাই-বোনদের এদেশে আসার জন্য স্পন্সরের কি হবে? এতে করে স্পন্সরের ব্যাপারে আইনী অন্য কোন সমসয়ার সৃষ্টি হতে পারে কিনা?

**হাসনা খানমের প্রশ্নের উত্তরঃ**

প্রথমেই জানা থাকা দরকার যে একজন ইউএস সিটিজেনদের কাজের জন্য আবেদন করতে পারেনঃ

১) স্পাউস (স্বামী/স্ত্রী); ২) সন্তান (২১ নিম্ন, ২১ উর্ধ্ব, বিবাহিত এবং অবিবাহিত); ৩) মা-বাবা এবং ৪) ভাই-বোন।

আপনি একজন ইউএস সিটিজেন হলে আপনি আপনার ভাই-বোনদের জন্য আবেদন করতে পারেন। একজন ইউএস সিটিজেনের ভাই-বোনেরা চতুর্থ প্রেফারেন্সে পড়েন। এই ক্যাটাগরির অপেক্ষার সময় হচ্ছে আনুমানিক দশ বছরের বেশি।

এ ব্যাপারে এখন আপনার প্রশ্ন ফুড স্ট্যাম্প গ্রহণ করলে কোন অসুবিধা সৃষ্টি হতে পারে কিনা? এর উত্তর এভাবে দেয়া যায় যে, ফুড স্ট্যাম্পের জন্য তারাই উপযোগী যাদের উপার্জন কম। স্বল্প উপার্জনসম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে তারা কারো জন্য স্পন্সর করলে তাকে যুগ্ম স্পন্সর করতে ইউএস সিটিজেনদের ফুড স্ট্যাম্পসহ অন্যান্য যে সব সুবিধা রয়েছে সেগুলো গ্রহণ করতে পারেন। এ জন্য কোন সমস্যার সৃষ্টি হয় না। তবে যিনি সরকারী সহযোগিতা গ্রহণ করেন তিনি তার পরিবারের কোন সদস্যের জন্য আবেদন করতে পারেন। আপনি আপনার পরিবারের সদস্যদের জন্য আবেদন করেছেন এ কারণে ফুড স্ট্যাম্প গ্রহণের আগে একজন অভিজ্ঞ ইমিগ্রেশনের এটর্নীর সাথে আলোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। এসবি-আই রেসিডেন্ট ভিসার জন্য প্রয়োজনীয় কাগজপত্রের ব্যাপারে আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে উল্লেখ করছিঃ

আবেদনের সঙ্গে ডিএস-১১৭ ফরম পূরণ করতে হবে।

পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড, ডিএস-১১৭ ফরম পূরণ করার পর ইউএস দূতাবাস সাক্ষাতকারের জন্য সময় দেবে। যেসব কাগজপত্র লাগবেঃ

১) মূল পাসপোর্ট, ২) ২ কপি ছবি, ৩) মেডিক্যাল পরীক্ষার রিপোর্ট, ৪) দূতাবাস অথবা কনস্যুলেট আরও কাগজপত্র চাইতে পারে।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


# Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# বর্ণাঢ্য আয়োজনে রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের অভিষেক ঈদ পূনর্মিলনী















(শেষের পাতার পর)


সভাপতি ও প্রধান নির্বাচন কমিশনার আমিন খান জাকির।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি দিল আফরোজ (নার্গিস আহমেদ), সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী, সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম, বিশিষ্ট রাজনীতিক ও ব্যবসায়ী এবং লং আইল্যান্ড চেম্বার্স অফ কমার্স এর প্রেসিডেন্ট আখতার হোসেন বাদল, নিউইয়র্ক সিটি মেয়রের এশিয়া বিষয়ক এডভাইজার ফাহাদ সোলায়মান, সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, বিশিষ্ট ব্যবসায়ী শাহ জে চৌধুরী, কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইনক'র সভাপতি মোহাম্মদ বদরুল হক আজাদ, ফাউন্ডেশনের সাবেক সভাপতি মামুন মিয়াজী, মোহাম্মদ সিদ্দিকী পাটোয়ারী প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক নূরে আলম মনির।

পবিত্র কোরআ থেকে তেলাওয়াত আর জাতীয় সঙ্গীত পরিবেশেনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। কোরআন থেকে তেলাওয়াত করেন আব্দুর রহিম ভূইয়া। এরপর স্বাগত বক্তব্য রাখেন সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম মাসুম। অনুষ্ঠানে অতিথি ও অভিষিক্ত কর্মকর্তাদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়। অনুষ্ঠানে বক্তারা প্রবাসের ঐতিহ্যবাহী সংগঠন হিসেবে রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের কর্মকান্ডের প্রশংসা করেন এবং প্রবাসী চাঁদপুরবাসীদের ঐক্যের উপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে সভাপতি মাসুম জানান ফাউন্ডেশনের পক্ষ থেকে গত বছর ৬০টি কবর ক্রয় করা হয়েছে। তিনি আগামী দিনে হাজারো লোক নিয়ে অভিষেক অনুষ্ঠান করার প্রত্যাশা ব্যক্ত করেন এবং আগামী ২৮ জুলাই রোববার নিউইয়র্কের বেথপেজ পার্কে সংগঠনের বনভোজন অনুষ্ঠিত হবে বলে জানান।

সাংস্কৃতিক অনুষ্ঠান আর নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। অনুষ্ঠানটি সফল করতে গঠিত আয়োজক কমিটির কর্মকর্তারা ছিলেন আহ্বায়ক মোহাম্মদ এ সিদ্দিক পাটোয়ারী, সদস্য সচিব মিয়ান ওবায়দুর রহমান, প্রধান সমন্বয়কারী মোহাম্মদ কবীর, সমন্বয়কারী হাসান মাহমুদ সোহেল।























# গ্রেফতারকৃতদের অনেকেই কলাম্বিয়া ও সিসিএনওয়াইয়ের শিক্ষার্থী না : পুলিশ

**বাংলা পত্রিকা ডেস্ক:** কলাম্বিয়া ইউনিভার্সিটি এবং দ্য সিটি কলেজ অফ নিউ ইয়র্ক থেকে গ্রেফতার হওয়া বিক্ষোভকারীদের মধ্যে অনেককেই প্রতিষ্ঠান দুইটির শিক্ষার্থী নয় । গত ২ মে বৃহস্পতিবার নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট জানায়, বিক্ষোভের সময় গ্রেফতার করা বিক্ষোভকারীদের মধ্যে অনেকেই বহিরাগত ছিলো ।

পুলিশ জানায়, মঙ্গলবার (৩০ এপ্রিল) রাতে বিক্ষোভের সময় গ্রেফতার হওয়া ৩০০ শিষক্ষার্থীর মধ্যে ৩০ শতাংশই বহিরাগত । এছাড়া সিসিএনওয়াই এর গ্রেফতারকৃত ১৭০ জনের মধ্যে অর্ধেকই বহিরাগত । বৃহস্পতিবার একটি বিবৃতি প্রকাশ করেন নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস বলেন, সিটি থেকে আইনের শাসন হারাতে দিবেন না । এছাড়া যারা ঘৃণা ও ধ্বংসযজ্ঞ ছড়ানো চেষ্টা করছে তাদের থেকে সিটিকে রক্ষা করবেন বলেও অঙ্গীকার করেন । যুক্তরাষ্ট্রে ক্যাম্পাসগুলোতে ফিলিস্তিনপন্থী বিক্ষোভে কমপক্ষে ২ হাজার জনকে গ্রেফতার করা হয়েছে বলে জানা গেছে ।

## পুলিশি অভিযানে বিপর্যস্ত কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

এদিকে কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের প্রায় সব প্রবেশ পথেই এখন পুলিশ ও ব্যক্তিগত নিরাপত্তা কর্মীদের ভিড়, রাস্তায় ব্যারিকেড । জিনিসপত্র নিয়ে শিক্ষার্থীরা বাড়ির উদ্দেশ্যে ক্যাম্পাস ছাড়ছে । ক্লাস বাতিল হয়েছে আর পরীক্ষা কবে হবে ঠিক নেই । বিশ্ববিদ্যালয়টিতে এর পর কী হতে যাচ্ছে তা নিয়েই সর্বত্র এক থমথমে ভাব আর অনিশ্চয়তা । শিক্ষার্থীরা বলেছেন গত ৩০ এপ্রিল মঙ্গলবার গাজার ঘটনার প্রতিবাদ ঠেকাতে বিশ্ববিদ্যালয়ের হ্যামিলটন হলে অভিযান চালিয়ে একশোর বেশি মানুষকে আটকের ঘটনায় পুরো ক্যাম্পাসই এখন বিপর্যস্ত । এদিকে, পুলিশি অভিযানের পর এক বার্তায় বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট নেমাত শফিক বলছেন, 'তাকে গভীর দু:খ নিয়েই শিক্ষার্থী ও অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে অভিযানের নির্দেশ পুলিশকে দিতে হয়েছে । নিউইয়র্কের পুলিশ বিভাগ বলেছে, মঙ্গলবার রাত থেকে বুধবার ভোর পর্যন্ত কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় ও সিটি কলেজ অব নিউইয়র্কের ক্যাম্পাস থেকে তারা ২৮২ জনকে গ্রেপ্তার করেছে ।



# ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটি ক্যাম্পাসে সহিংসতা 'বিলম্বিত' সাড়ার জন্য পুলিশের সমালোচনা

**বাংলা পত্রিকা ডেস্ক:** ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া, লস অ্যাঞ্জেলেস ক্যাম্পাসে সহিংসতার ঘটনায় পুলিশের বিলম্বিত সাড়ার সমালোচনা করেছেন অঙ্গরাজ্যের গভর্নরের কার্যালয় । ক্যাম্পাসে পুলিশ ডাকার আগে মুখোশধারী ইসরায়েলপন্থী একটি গোষ্ঠী গত ৩০ এপ্রিল মঙ্গলবার রাতে ফিলিস্তিনপন্থী শিক্ষার্থীদের শিবিরে হামলা চালায় । ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউজমের মুখপাত্র বলেছেন, সহিংসতার এ ঘটনায় পুলিশের সীমিত ও বিলম্বিত হস্তক্ষেপ অগ্রহণযোগ্য । তবে বুধবার (১ মে) ক্যাম্পাস ও এর আশপাশে শত শত পুলিশ কর্মকর্তা মোতায়েন ছিলেন । অঙ্গরাজ্যের কর্মকর্তারা ও বিশ্ববিদ্যালয়ের নেতারা বলেছেন, মঙ্গলবার মধ্যরাতের ঠিক আগে ক্যাম্পাসে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয় । তখনই তাঁরা ক্যাম্পাসের ডিকসন প্লাজায় নিরাপত্তাকর্মী মোতায়েন করেছিলেন । এখানেই বিক্ষোভকারীরা তাঁবু খাটিয়েছেন । তবে ঘটনাস্থলে থাকা বেশ কয়েকজন বলেছেন, আইন প্রয়োগকারীরা যথেষ্ট দ্রুত কাজ করেননি । ক্যাম্পাসে তাঁবু খাটানোয় যুক্ত একটি গোষ্ঠী ইউসি ডাইভেস্ট অ্যাট এলএ এক বিবৃতিতে বলেছে, আইন প্রয়োগকারীরা কেবল লনের প্রান্তে দাঁড়িয়েছিলেন । তারা সাহায্যের জন্য চিৎকার করেছিলেন । কিন্তু আইন প্রয়োগকারীরা আসতে অস্বীকৃতি জানিয়েছিলেন । হামলা শুরুর প্রায় দুই ঘণ্টা পর বিক্ষোভকারীরা ঘটনাস্থল থেকে চলে যেতে শুরু করেন । বুধবার সকালে ক্যাম্পাসে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে পুলিশ । নিজ কার্যালয়ের বিবৃতির বাইরে গভর্নর নিউজম তাঁর এক্সে দেওয়া এক পোস্টে ইউসিএলএ ক্যাম্পাসে সহিংসতার নিন্দা জানিয়েছেন । তিনি বলেন, দায়ী ব্যক্তিদের অবশ্যই ফৌজদারি বিচার, সাময়িক বরখাস্ত বা বহিষ্কারের মাধ্যমে জবাবদিহির আওতায় আনতে হবে । লস অ্যাঞ্জেলেস শহরে অবস্থিত এই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বেশ কয়েক দিন ধরে তাঁবু খাঁটিয়ে ইসরায়েলবিরোধী বিক্ষোভ করছেন ফিলিস্তিনপন্থী শিক্ষার্থীরা । পাল্টায় হিসেবে ইসরায়েলে হামাসের হামলার প্রতিবাদে কয়েক দিন ধরে কর্মসূচি পালন করছিলেন ইসরায়েলপন্থী শিক্ষার্থীরা । এ নিয়ে ক্যাম্পাসে দুই পক্ষের মধ্যে উত্তেজনা চলছিল ।



# যুক্তরাষ্ট্রের পতাকা নামিয়ে ফিলিস্তিনি পতাকা উড়ালো হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা

**বাংলা পত্রিকা ডেস্ক:** গাজায় ইসরাইলী অপরাধযজ্ঞের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে চলমান ক্যাম্পাস বিক্ষোভের মধ্যে হার্ভার্ড বিশ্ববিদ্যায়ের বিক্ষোভকারীরা যুক্তরাষ্ট্রের পতাকা নামিয়ে ফিলিস্তিনি পতাকা উত্তোলন করেছে । জানা গেছে, হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়টির প্রতিষ্ঠাতার প্রতিমূর্তির কাছে তিনজন শিক্ষার্থী ফিলিস্তিনের পতাকা উত্তোলন করে । সে সময় বিক্ষোভকারীরা ফিলিস্তিনের পক্ষে নানা স্লোগান দেন । সামাজিক যোগাযোগমাধ্যমে পতাকা উত্তোলনের একটি ভিডিও ভাইরাল হয়েছে । বিশ্ববিদ্যালয়ের মুখপাত্র বলেছেন, ছাত্রদের কর্মকা- হার্ভার্ডের নীতি লঙ্ঘন করেছে । বিশ্ববিদ্যালয় হলের উপর বিক্ষোভকারীদের দ্বারা উত্তোলিত পতাকাগুলো হার্ভার্ড কর্মীরা সরিয়ে দেন । বিশ্ববিদ্যালয়ের নীতির লঙ্ঘনকারী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ ।

# গাজা যুদ্ধ নিয়ে তদন্ত, আদালতকে ভয়ভীতি দেখানো বন্ধ করতে বললেন আইসিসি



**বাংলা পত্রিকা ডেস্ক:** আন্তর্জাতিক অপরাধ আদালত আইসিসির কৌঁসুলির দপ্তর তার কর্মীদের ভয়ভীতি দেখানো বন্ধের আহ্বান জানিয়েছে । দপ্তর বলেছে, এ ধরনের হুমকি বিশ্বের এই স্থায়ী যুদ্ধাপরাধ আদালতের 'বিচার প্রশাসনের' বিরুদ্ধে অপরাধের শামিল হতে পারে । নেদারল্যান্ডসের দ্য হেগ-ভিত্তিক আন্তর্জাতিক অপরাধ আদালতের কৌঁসুলি করিম খান গত ৩ মে শুক্রবার এক বিবৃতিতে বলেন, তাঁর দপ্তরের কর্মীদের কাজে ব্যাঘাত সৃষ্টি করা, তাঁদের ভয়ভীতি দেখানো বা তাঁদের ওপর অবৈধ প্রভাব খাটানোর সব ধরনের চেষ্টা অবশ্যই অবিলম্বে বন্ধ করতে হবে । বিবৃতিতে ইসরায়েলের কথা সরাসরি উল্লেখ করা হয়নি । তবে এ বিবৃতি এমন এক সময় দেওয়া হলো, যার আগে গাজায় ইসরায়েলের যুদ্ধ নিয়ে দেশটির শীর্ষস্থানীয় কর্মকর্তাদের বিরুদ্ধে সম্ভাব্য গ্রেপ্তারি পরোয়ানার ফলাফলের বিষয়ে আই-সিসিকে সতর্ক করে দেন যুক্তরাষ্ট্র ও ইসরায়েলী কর্মকর্তারা । করিম খানের দপ্তর বলেছে, রোম সনদের অধীন এ আদালতের স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করার বৈধ ক্ষমতা রয়েছে ।

গত সপ্তাহে গণমাধ্যমের বিভিন্ন খবরে বলা হয়, ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের তা-ব চলার পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুসহ দেশটির শীর্ষস্থানীয় কর্মকর্তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করতে পারেন আইসিসি । এ অবস্থায় ইসরায়েলের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের বিরুদ্ধে আইসিসির সম্ভাব্য গ্রেপ্তারি পরোয়ানায় দেশটি ও এর ঘনিষ্ঠ মিত্র যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে । গত মঙ্গলবার এক ভিডিও বার্তায় এ আদালতের বিরুদ্ধে বিষোদ্গার করেন বেনিয়ামিন নেতানিয়াহু । তিনি বলেছেন, ইসরায়েল আশা করে, মুক্ত বিশ্বের নেতারা ইসরায়েলের আত্মরক্ষার অধিকারের বিরুদ্ধে আইসিসির 'জঘন্য হামলার' বিরুদ্ধে দৃঢ়ভাবে রুখে দাঁড়াবেন । এদিকে ইসরায়েলের বিরুদ্ধে আইসিসির যেকোনো পদক্ষেপে হস্তক্ষেপ করা ও তা ব্যর্থ করে দেওয়ার জন্য প্রেসিডেন্ট জো বাইডেনের প্রতি আহ্বান জানিয়েছেন ওয়াশিংটনের কয়েকজন আইনপ্রণেতা ।

# যুক্তরাষ্ট্রে বহিষ্কৃত শিক্ষার্থীদের বিশেষ শিক্ষাবৃত্তির অফার ইরানী বিশ্ববিদ্যালয়ের



**বাংলা পত্রিকা ডেস্ক:** ইসরায়েলবিরোধী বিক্ষোভ চলছে যুক্তরাষ্ট্রের নানা বিশ্ববিদ্যালয়ে । এর জেরে প্রায় আড়াই হাজার শিক্ষার্থী গ্রেফতারের শিকার হয়েছেন । ফিলিস্তিনের পক্ষে কথা বলায় অনেক শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়গুলো থেকে বহিষ্কারও করা হয়েছে । এই পরিস্থিতিতে যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলো থেকে বহিষ্কার হওয়া শিক্ষার্থীদের জন্য স্কলারশিপ বা শিক্ষাবৃত্তি ঘোষণা করেছে ইরানের কয়েকটি প্রসিদ্ধ বিশ্ববিদ্যালয় । ইরান ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি ও আল্লামেহ তাবাতাবেয়ি বিশ্ববিদ্যালয় জানিয়েছে তারা ফিলিস্তিনের পক্ষ নিয়ে আন্দোলন করায় বহিষ্কারের শিকার হওয়া শিক্ষার্থীদের চলমান সেমিস্টার বা বর্ষ অনুসারে ভর্তির সুযোগ দেবে । সেই সাথে বিশেষ বোনাসও দেয়া হবে

## হজের প্রস্তুতি

(শেষের পাতার পর)

হৃদয়ে জাগে, তবে আল্লাহপাক যেহেতু বান্দার অন্তর দেখেন তাই তিনি অন্তঃকরণের হজকেই গ্রহণ করেন। যাদের অন্তর অপবিত্র তাদের সঙ্গে আল্লাহপাকের যেমন কোনো সম্পর্ক নেই তেমনি তারা কুরআনের শিক্ষার ওপর আমলের ক্ষেত্রেও থাকে উদাসীন। যেভাবে কুরআনে বলা হয়েছে, 'আসলে তাদের হৃদয় এ কুরআন থেকে উদাসীন। আর এছাড়া তাদের আরও অনেক মন্দ কর্ম রয়েছে, যা তারা করে চলেছে' (সূরা আল মুমিনুন, আয়াত : ৬৩)।

অপরদিকে যারা মুমিন তাদের অন্তর থাকে পবিত্র আর এদের সম্পর্কেই আল্লাহপাক ঘোষণা করেছেন, 'হে শান্তিপ্রাপ্ত আত্মা! তুমি তোমার প্রভু প্রতিপালকের দিকে সন্তুষ্ট হয়ে এবং তার সন্তুষ্টিপ্রাপ্ত হয়ে ফিরে আস। অতএব, তুমি আমার বান্দাদের অর্ন্তর্ভুক্ত হয়ে যাও এবং আমার জান্নাতে প্রবেশ কর' (সূরা আল ফজর, আয়াত : ২৭-৩০)।

মানুষের আধ্যাত্মিক উন্নতির উচ্চতম পর্যায় হচ্ছে, সে তার প্রভুর ওপর পূর্ণভাবে সন্তুষ্ট এবং তার প্রভুও তার ওপর পুরোপুরি সন্তুষ্ট। এমন অবস্থাকে বেহেশতি অবস্থা বলে, যে আত্মার প্রতি আল্লাহ সন্তুষ্ট সে আত্মাও তার রবের প্রেমে এমনভাবে বিলীন ও একীভূত হয়ে যায় যে, এমন অন্তর তখন আর আল্লাহ ছাড়া আর কিছুই বোঝে না।

আসলে যারা আল্লাহপাকের মুমিন বান্দা তারা ইহকালেই তার কাছ থেকে 'হে শান্তিপ্রাপ্ত আত্মা' এ আহ্বানের ডাক শুনতে পায়। সে এ জগতেই আল্লাহপাকের জান্নাতের প্রবেশাধিকার লাভ করে এবং তার অন্তর সবর্দা তার জিকিরে মশগুল থাকে। সে কথা বলবে ঠিকই কিন্তু তার কথার মধ্যে এমন পবিত্রকরণ শক্তি থাকে যা অন্য কারও মাঝে পাওয়া যায় না। তার কথা, কাজ, ব্যবসা-বাণিজ্য সবই তখন কেবল আল্লাহর জন্য হয়।

মহান আল্লাহ রাব্বুল আলামিন চাহেন তো এ বছর আমাদের দেশ থেকে প্রায় এক লাখ ধর্মপ্রাণ মুসলমান হজ পালন করবেন। আমাদের কামনা থাকবে তারা যেন হজের সঠিক নিয়ম-কানুন অনুসরণ করে এবং সুস্থতার সঙ্গে হজ সম্পন্ন করে দেশে ফিরে আসতে পারেন। হজের মাধ্যমে বিশ্ব মানবের মহামিলনের নিদর্শন প্রস্ফুটিত হয়। হজই বিশ্ব সভ্যতার ইতিহাসে প্রথম মানবতার মহামিলনের এক অনন্য ব্যবস্থা, যা আল্লাহতায়ালা প্রদত্ত একটি ব্যবস্থা আর কাবাকেন্দ্রিক এ ব্যবস্থা সর্বপ্রাচীন। মূলত আল্লাহপাকের সঙ্গে প্রেমময় এক গভীর সম্পর্ক সৃষ্টির নামই হজ।

ইতোমধ্যেই আল্লাহর ঘরের মেহমানদের প্রস্তুতি শুরু হয়েছে। যারা হজে যাওয়ার নিয়ত করেছেন তাদের জন্য প্রয়োজনীয় কিছু তথ্য কয়েকজন হাজিদের প্রত্যক্ষ অভিজ্ঞতার আলোকে শেয়ার করছি। হজে যাওয়ার সময় অবশ্যই ভালো জামাকাপড় নেওয়ার চেষ্টা করবেন। জুতা, স্যান্ডেল, ব্রাশ, টুপি, হাতব্যাগ, বেল্ট যা না হলেই নয় তা সঙ্গে নেবেন। সুই-সুতা, সেফটি পিন, রেজার, কাঁচি, ঘড়ি, কলম, কাগজ, নোটবুক, মোবাইল, চার্জার, নেইল কাটার ইত্যাদি প্রয়োজনীয় জিনিস লাগেজ এবং হ্যান্ডব্যাগে রাখবেন।

মনে রাখবেন, বোঝা যত ছোট রাখা যায় ততই ভালো। তবে হাজিদের প্রয়োজনীয় প্রতিটি জিনিসই মক্কা ও মদিনা শরিফে পাওয়া যাবে, তবে দাম একটু বেশি পড়বে আর এগুলো ক্রয়ের জন্য অনেক সময়ও ব্যয় হবে। যেহেতু পবিত্র স্থানে যাচ্ছেন ইবাদতের জন্য তাই যত বেশি সম্ভব ইবাদত এবং দোয়ায় রত থেকে সময় অতিবাহিত করাই উত্তম।

যাওয়ার আগে সঙ্গী নির্বাচন করাও একটা গুরুত্বপূর্ণ বিষয়। বিদেশে অসুস্থ হয়ে পড়লে অথবা কোনো অসুবিধা হলে সাধারণত সঙ্গের লোকেরাই অধিক সহযোগিতা করেন। এমনিতেও কমপক্ষে তিনজনের একটি ঘনিষ্ঠ দল থাকলে উত্তম হয়। কেননা ভিড়ে হারিয়ে গেলে অথবা পথ হারিয়ে ফেললে বা ক্লান্ত, ক্ষুধার্ত হয়ে পড়লে তিনজনের পারস্পরিক সহযোগিতায় অনেক কাজ সহজ হয়ে যায়। দল ছোট হোক বা বড় অবশ্যই একজনকে আমিরে কাফেলা নির্বাচন করবেন। অর্থাৎ দলের একজন নেতা থাকা অত্যন্ত জরুরি।

যাকে দলের নেতা নির্বাচন করা হবে তার আদেশ-নিষেধকে মেনে চলার চেষ্টা করতে হবে। সবাই যদি তার দলের আমিরের আনুগত্য করেন তাহলে দেখবেন সফর কতই না বরকতময় হয়। এছাড়া বিভিন্ন তথ্যাদি সংরক্ষণ করাও প্রয়োজন। যেমন পাসপোর্ট বা হজ পাসের ফটোকপি এবং প্রয়োজনীয় দেশি-বিদেশি টেলিফোন নম্বর দুটি পৃথক স্থানে রাখা উচিত। যারা চশমা ব্যবহার করেন তারা দুজোড়া চশমা সঙ্গে রাখুন। জরুরি ওষুধ যেমন হার্টব্যাধি, ডায়াবেটিস, প্রেসার ইত্যাদির ওষুধ দুটি ভিন্ন জায়গায় রাখা দরকার আর অবশ্যই হাতের কাছে রাখবেন যাতে সহজেই পাওয়া যায়। যারা পবিত্র হজব্রত পালন করতে যাচ্ছেন তারা অবশ্যই পানি বেশি পান করবেন।

তবে মনে রাখবেন খাবার বেশি খাবেন না, যতটুকু খেলে চলে ততটুকুই খাবেন। কেননা হজের দিনগুলোতে আপনি যদি অধিক আহার করেন তাহলে আপনার ইবাদতে কষ্ট হবে। রোদের জন্য ছাতা ব্যবহার করতে পারেন। তাই ছোট একটি ছাতা সঙ্গে নিয়ে গেলেই ভালো হয়। যদি কোনো কারণে অসুস্থ হয়ে পড়েন তাহলে ভয় না পেয়ে হাজিদের জন্য যে চিকিৎসা ক্যাম্প রয়েছে সেখানে যাবেন। তারা আপনাকে ভালের চিকিৎসাসেবা দেবেন।

মহিলা হাজিদেরও হজব্রত পালন করতে তেমন কোনো সমস্যা হয় না। তবে যেসব মহিলারা হজে যাওয়ার নিয়ত করেছেন তারা একটা বিষয় অবশ্যই মাথায় রাখবেন, তা হলো নিজের ক্যাম্প থেকে বের হয়ে কোথাও একা একা যাবেন না। এতে হয়তো আপনি রাস্তা ভুলে যেতে পারেন আর নিজ ক্যাম্পে ফেরত আসাটা কষ্টকর হয়ে দাঁড়াবে। তাই কোথাও যেতে হলে যার সঙ্গে হজে যাচ্ছেন তাকে সঙ্গে নিয়ে যাওয়ার চেষ্টা করবেন এবং আপনার ক্যাম্পকে চিনে রাখার জন্য কোনো না কোনো পদ্ধতি অবলম্বন করবেন।

আরেকটি বিষয়, বিশেষ যে দোয়াগুলো রয়েছে তা এখন থেকেই আমাদের মুখস্থ করে ফেলা উচিত। বিশেষ করে হজের তালবিয়া 'লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক, লাব্বাইক লা শারিকা লাকা লাব্বাইক, ইন্নাল হামদা ওয়ান নি'মাতা লাকা ওয়াল মুলক, লা শারিকা লাকা'। আল্লাহপাক সব হাজিকে হজের সব নিয়ম-কানুন অনুসরণ করে হজ সম্পন্ন করার তৌফিক দান করুন, আমিন।

লেখক : ইসলামি গবেষক ও কলামিস্ট

## 'পিপল ইউনাইটেড

(শেষের পাতার পর)

সংগঠন 'পিপল ইউনাইটেড ফর প্রোগ্রেস' এনডোর্স করা হয়।

অনুষ্ঠানে অ্যাসেম্বলীম্যান স্টিভেন রাগা ঘোষণা করেন যে, আবু জাফর মাহমুদ নিউইয়র্ক ষ্টেট এর কুইন্স ডেমোক্র্যাটিক কাউন্টি কমিটির সদস্য পদে নির্বাচন কমিশনে ব্যালটভুক্ত হয়েছেন। এর মধ্য দিয়ে যুক্তরাষ্টে বাংলাদেশী রাজনীতিকের নেতৃত্বে যাত্রা শুরু করলো নতুন ডেমোক্র্যাটিক রাজনৈতিক সংগঠন 'পিপল ইউনাইটেড ফর প্রোগ্রেস'। এসময় উপস্থিত সকলে করতালির মাধ্যমে নতুন সংগঠনকে স্বাগত জানান। অনুষ্ঠানে ড. আবু জাফর মাহমুদ ছাড়াও মূলধারার রাজনীতিক গিয়াস আহমেদ, মিলন রহমান, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট কাজী আযম, ফিরাজ আহমেদ প্রমুখ বক্তব্য রাখেন।

## ব্রুকলীন মেলা ১৯ মে ঃ

(শেষের পাতার পর)

৬৬ প্রিসেক্ট কমিউনিটি কাউন্সিল যৌথভাবে টানা নবমবারের মতো মেলা আয়োজন করছে। 'ব্রুকলীন মেলা' নামে পরিতি এই মেলা অনুষ্ঠিত হবে আগামী ১৯ মে রোববার ব্রুকলীনের চার্চ এভিনিউতে (ম্যাকডোনাল এভিনিউ ও চার্চ এভিনিউর মাঝে)। মেলার প্রস্তুতি এগিয়ে চলছে।

মেলার মূল আয়োজক সংগঠন বাংলাদেশী-আমেরিকান ফ্রেন্ডশীপ সোসাইটি অব ইউএসএ (বাফস)-এর সভাপতি ও সাধারণ সম্পাদক এস এম ফেরদৌস জানান, অতীতের মতো এবারের মেলাও হবে উত্তর আমেরিকার সর্ববৃহৎ মেলা। মেলায় বিনোদনের জন্য থাকবে দেশ ও প্রবাসের জনপ্রিয় শিল্পীদের নৃত্য ও সঙ্গীত। আরো থাকবে বিভিন্ন ধরনের স্টল। মেলাটি সফল করতে সৈয়দ এস এম রেজাকে চেয়ারম্যান, এটর্নী মঈন চৌধুরীকে প্রধান উপদেষ্টা, নূরুল আজীমকে চীফ কো-অর্ডিনেটর এবং ফিরোজ আহমেদকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে।

## এক স্লিপ

(শেষের পাতার পর)

একজন জানতে চাইলেন 'আচ্ছা ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন সময়ে আমেরিকান জনগণ দেশের স্বাধীনতার পক্ষে সমর্তন জানালেও তৎকালীন নিক্সন সরকার সমর্থন জানায়নি। বরং প্রেসিডেন্ট নিক্সন প্রশাসন বাংলাদেশের বিরুদ্ধে আর পাকিস্তানের পক্ষে সপ্ত নৌবহর পাঠিয়েছিলো। পরবর্তী ইতিহাস সবার জানা। যুদ্ধ পরবর্তী সময়ে আমেরিকান সরকারকে লক্ষ্য করে এক শ্রেনীর রাজনতিকগণ 'মার্কিন সাম্রাজ্যবাদ নিপাত যাক' বলে শ্লোগান দিতো। সেই শ্লোগান এখন আর নেই, প্রয়োজনিয়তাও নেই। স্বাধীনতার ৫২ বছরে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক অনেক গভীরে চলে গেছে। কিন্তু তারপরও বিভিন্ন লেখায় 'মার্কিন যুক্তরাষ্ট্র' লেখা হচ্ছে। বিশ্বের যুক্তরাষ্ট্র নামে একটিই দেশ। আর তার নামের আগে মার্কিন শব্দ লেখা বা বলা কতটুকু সমীচিন? বিশেষ করে যারা বা যেসকল লেখক যুক্তরাষ্ট্রের নাগরিক বা যেসকল বাংলা মিডিয়া যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত হচ্ছে তাতে 'মার্কিন' শব্দ ব্যবহার কতটুকু যুক্তিসঙ্গত? তৎকালীন সময়ে 'মার্কিন' শব্দটি তো আমেরিকাকে গালি দিতে বা আমেরিকাকে ছোট করকে ব্যবহার করা হতো, তাই নয় কি? তার এই কথায় দ্বিধান্বিত হয়ে শুধু বললাম- গুড কোশ্চেন? বিষয়টি ভেবে দেখার অবকাশ রয়েছে।

০৫ মে ২০২৪








# ‘বাংলাদেশ ডে প্যারেড’ এর প্রস্তুতি সভা অনুষ্ঠিত

(শেষের পাতার পর)

নুরুল আজীম, জেবিবিএ’র সাধারণ সম্পাদক তারিক হাসান খান, বাংলাদেশ ডে প্যারেডের প্রধান সমন্বয়কারী যায়েদ সোলাইমান, সদস্য সচিব তরিকুল ইসলাম বাদল, ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ’র সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার আব্দুস সোবহান সহ কমিউনিটি নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দীর্ঘ সময় চলা এ সভায় বাংলাদেশ ডে প্যারেড এর উত্তাল তরঙ্গ বিশ্বব্যাপী ছড়িয়ে দিতে সবাই বদ্ধ পরিকর হয়। সভায় বলা হয়, বাংলাদেশের ইতিহাস ঐতিহ্য সংস্কৃতির লাল সবুজ আবেশ আমেরিকার বুকে ছড়িয়ে দেবার প্রত্যয়ে আগামী ২৬ মে রোববার সকাল ১১টা থেকে দুপুর ৩টা পর্যন্ত নিউইয়র্ক-এর লিটল বাংলাদেশ খ্যাত জ্যাকসন হাইটস এর ৬৯-৮৭ স্ট্রিটের ৩৭ এভিনিউতে আয়োজন করা হচ্ছে ‘বাংলাদেশ ডে প্যারেড’। এই আয়োজনে থাকবে বাংলাদেশের বিভিন্ন প্রান্তের সংস্কৃতি উপস্থাপন, যেমন খুশি তেমন সাজো, পুলিশ প্যারেড, সহস্র কণ্ঠে দেশের গান, বাংলাদেশ এবং আমেরিকার উচ্চ পদস্থ কর্মকর্তা বৃন্দ সহ খ্যাতনামা ব্যক্তিদের পদচারণা। বাংলাদেশের স্বরাষ্ট্র মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রীকে বিশেষভাবে আমন্ত্রণ জানানো হয়েছে।

নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামস এই প্যারেডের ভিআইপি মার্শাল হিসেবে উপস্থিত থাকবেন বলে আহবায়ক শাহ নেওয়াজ নিশ্চিত করেছেন। এছাড়াও স্থানীয় কংগ্রেসম্যান, ওম্যানদেরও আমন্ত্রণ জানানো হয়েছে। এই প্যারেড নিয়ে রাষ্ট্রদূত, কনসাল জেনারেল-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ করা হচ্ছে। অরাজনৈতিক এবং অবিস্মরণীয় আয়োজন হিসেবে ইতমধ্যেই স্থানীয় কমিউনিটিতে বেশ সাড়া ফেলতে সক্ষম হয়েছে ‘বাংলাদেশ ডে প্যারেড’। তারা আমাদের এই ঐতিহাসিক প্যারেড কে স্বাগত জানিয়ে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে।

বাংলাদেশ এবং আমেরিকার জাতীয় সঙ্গীত এর মাধ্যমে প্যারেডের সূচনা হবে। প্যারেডটি ৬৯ স্ট্রীট থেকে শুরু হওয়া এই প্যারেড শেষ হবে ৮৭ স্ট্রীটে। প্যারেড চলাকালীন দুপাশের রাস্তায় থাকবে বাংলাদেশ এবং আমেরিকার পতাকা সহ আমাদের দেশের সংস্কৃতির নানান ছোঁয়া। যা আমাদের নতুন প্রজন্ম এবং আমেরিকার জনগনের কাছে শিক্ষনীয় হয়ে থাকবে। এ আয়োজনে দল মত নির্বিশেষে একক কিংবা দলীয় ভাবে অংশ গ্রহনের ব্যবস্থা রয়েছে। যারা আগে নাম তালিকাভুক্তি করবেন তাদের নাম আগে ডাকা হবে এবং আগে সিরিয়াল পাবেন। প্রতিটি সংগঠনের জন্য ২০০ ডলার এবং একক অংশ গ্রহনের জন্য ৫০ ডলার রেজিস্ট্রেশন ফি ধার্য করা হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি।

# বিশ্লেষণ : ডোনাল্ডট্রাম্প কি দায়মুক্তি পাবেন

(৫ পাতার পর)

দূর করা হয়েছিল এবং প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট পদের আলাদা টিকিটের ব্যবস্থা চালু করা হয়েছিল। ঠিক ওই বছরই জেফারসন তাঁর ভাইস প্রেসিডেন্ট হিসেবে বারকে দ্বিতীয়বার না নিয়ে বারের জায়গায় নিউইয়র্কের গভর্নর জর্জ ক্লিনটনকে মনোনীত করেন। এর মধ্য দিয়েও আমরা জানতে পারি, সংবিধান কখনোই একজন প্রেসিডেন্ট কিংবা ভাইস প্রেসিডেন্টকে পরিপূর্ণ দায়মুক্তি দেয়নি বা দেয় না। সংবিধানে যদি তাঁদের দায়মুক্তির অনুমোদন দেওয়া হয়, তাহলে তার মাধ্যমে প্রকারান্তরে স্বীকার করে নেওয়া হবে, নির্বাহী ব্যবস্থা ‘নির্বাচিত রাজতন্ত্রের’ শামিল, যা দু-একজন ব্যতিক্রম ছাড়া আমেরিকার প্রতিষ্ঠাতাদের কেউই কস্মিনকালে অনুমোদন দেননি।

সুপ্রিম কোর্টের সহযোগী বিচারপতি নিযুক্ত হওয়ার আগে পেনসিলভানিয়ার বিচারপতির দায়িত্ব পালন করার সময় জেমস উইলসন একটি মন্তব্য করেছিলেন। উইলসনের সেই মন্তব্য উদ্ধৃত করে বিশেষ কৌঁসুলি স্মিথ বলেছেন, প্রত্যেক প্রেসিডেন্ট তাঁর ব্যক্তিগত অপকর্মের জন্য ফৌজদারি বিচারের অধীন ছিলেন এবং আছেন। আর তিনি যদি তাঁর ওপর অর্পিত সরকারি দায়িত্বের অপব্যবহার করেন, তাহলে তিনি অভিশংসনের শিকার হবেন।

বারের বিচারকে যে দৃষ্টিকোণ থেকে দেখা হোক না কেন, এখান থেকে একটি বিষয় পরিষ্কার; আর তা হলো, কেউই আইনের ঊর্ধ্বে নন। প্রেসিডেন্ট প্রায় হয়েই গিয়েছিলেন এমন একজন ভাইস প্রেসিডেন্টের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগ এনে তাঁর বিচার করা যেতে পারে—এ কথায় যাঁদের সায় আছে, তাঁদের যে কাউকে বিশ্বাস করানো কঠিন হবে যে কোনো ব্যক্তি একবার প্রেসিডেন্ট হলেই তাঁকে আর বিচারের কাঠগড়ায় দাঁড় করানো যাবে না।

ভ্যাঞ্চ মামলায় রবার্টস তাঁর মতামত দিতে গিয়ে লিখেছেন, ‘মার্শালের ব্যাখ্যা অনুযায়ী, একজন রাজা ক্ষমতাধর হয়েই জন্মগ্রহণ করেন এবং রাজতন্ত্র অনুযায়ী, তিনি কোনো ভুল করতে পারেন না। কিন্তু প্রেসিডেন্ট সব সময়ই জনগণের দ্বারা নির্বাচিত ও আইনের আওতাধীন মানুষ।’

সুপ্রিম কোর্টের সামনে আজকে যে বিষয়টি ফয়সালা হওয়ার জন্য অপেক্ষমাণ রয়েছে, তা আদতেই ইতিমধ্যে মীমাংসিত হয়ে যাওয়া একটি বিষয়। কারণ, প্রেসিডেন্টের পরম রক্ষাকবচ বলতে কিছু নেই। এটিই আমেরিকান গণতন্ত্রের মূলমন্ত্র। এর ব্যত্যয় হলে আমেরিকার প্রতিষ্ঠাতা পুরুষেরা ঘেন্নায় কবরেও পাশ ফিরে শোবেন!

স্বত্ব: প্রজেক্ট সিন্ডিকেট, অনুবাদ: সারফুদ্দিন আহমেদ

# মিশিগান বিশ্ববিদ্যালয়ে স্নাতক সমাপনী অনুষ্ঠানে বিক্ষোভ বাম-ডান দুই দিক দিয়েই বিপদে বাইডেন

**বাংলা পত্রিকা ডেস্ক:** ফিলিস্তিনের সমর্থনে শিক্ষার্থীদের বিক্ষোভে উত্তাল যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলো। গাজায় ইসরায়েলি অভিযানের প্রতিবাদে তাঁদের এই বিক্ষোভ। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে মুখোমুখি অবস্থানে রয়েছেন বিক্ষোভকারীরা। ঘটছে নির্বিচার আটকের ঘটনাও। অন্যদিকে ইসরায়েল ও হামাসের মধ্যকার শান্তি আলোচনায় মধ্যস্থতার জন্য মধ্যপ্রাচ্যে কূটনীতিকেরা জড়ো হয়েছেন। তাঁদের উদ্দেশ্য, যুদ্ধবিরতি। দেশে বিদেশে এমন পরিস্থিতি প্রেসিডেন্ট জো বাইডেনকে নতুন এক অভ্যন্তরীণ রাজনৈতিক সংকটে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে ফেলেছে। বাম ও ডান দুই মেরু থেকেই চাপে পড়েছেন বাইডেন। বামপন্থীরা অবিলম্বে যুদ্ধবিরতি চান, শান্তি চান। তবে, চলমান ছাত্রবিক্ষোভে বাইডেনের ওপর চাপ বেড়েছে এ কথা স্বীকার করতে নারাজ যুক্তরাষ্ট্রের সরকারি কর্মকর্তারা।

এদিকে অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরায়েলের ভয়াবহ গণহত্যা বন্ধ করার দাবিতে যুক্তরাষ্ট্রে ছড়িয়ে পড়া ছাত্র বিক্ষোভের প্রতি সমর্থন জানিয়েছেন প্রখ্যাত সিনেটর বার্নি স্যান্ডার্স। তিনি বলেছেন, ইসরায়েলকে সমর্থন দিতে গিয়ে প্রেসিডেন্ট জো বাইডেন নিজেকে রাজনৈতিক ও নৈতিকভাবে দুর্বল অবস্থানে নিয়ে যাচ্ছেন। সিএনএনকে দেয়া এক সাক্ষাৎকারে স্যান্ডার্স বলেন, এটি বাইডেনের জন্য ভিয়েতনাম পরিণতি ডেকে আনতে পারে। তিনি সাবেক প্রেসিডেন্ট লিন্ডন বি জনসনের সঙ্গে বাইডেনের তুলনা করে বলেন, জনসন ভিয়েতনাম যুদ্ধের সময় শিক্ষার্থী-বিক্ষোভের জের ধরে ১৯৬৮ সালের পুনর্নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছিলেন। যুক্তরাষ্ট্রের এই অভিজ্ঞ রাজনীতিবিদ বলেন, এবার ইসরায়েল নিয়েও নিজের অবস্থানের জন্য শুধু ছাত্রসমাজ নয় সেইসঙ্গে ডেমোক্র্যাটদের বড় অংশের সমর্থন খুইয়ে বাইডেন আগামী নভেম্বর মাসে অনুষ্ঠেয় নির্বাচনে হেরে যেতে পারেন। বাইডেনের ডেমোক্র্যাট দলে গত বছরের নভেম্বরে অনুষ্ঠিত জরিপে দেখা গেছে, দলটির মাত্র ১৮ ভাগ সমর্থক বাইডেনের ইসরায়েল নীতিকে সমর্থন করছেন। অন্যদিকে শতকরা ৭৫ ভাগ ডেমোক্র্যাট গাজায় ইসরায়েলি গণহত্যার বিরোধিতা করেছেন। এ অবস্থায় গাজা যুদ্ধের কারণে নিজ দলের সমর্থন ব্যাপকভাবে হারানোর ফলে আগামী নির্বাচনে বাইডেনের পক্ষে জয়লাভ করা কঠিন হয়ে পড়বে বলে অনেক মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

## মিশিগান বিশ্ববিদ্যালয়ে স্নাতক সমাপনী অনুষ্ঠানে বিক্ষোভ

এদিকে মিশিগান বিশ্ববিদ্যালয়ে স্নাতক সমাপনী অনুষ্ঠান চলছিল। অনুষ্ঠানস্থলে মঞ্চের সামনে বিক্ষোভ করেন ফিলিস্তিনপন্থীরা। তবে এই বিক্ষোভ ছিল শান্তিপূর্ণ। অন্যদিকে ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভকারীরা পুলিশের মুখোমুখি হয়েছে। শনিবার (৪ মে) এসব ঘটনা ঘটে। আগামী দিনগুলোয় স্নাতক সমাপনী অনুষ্ঠান ঘিরে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস নতুন করে অশান্ত হয়ে উঠতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। যুক্তরাষ্ট্রজুড়ে কয়েক সপ্তাহ ধরে বেশ কিছু বিশ্ববিদ্যালয়ে টানা আন্দোলন চলছে। ক্যাম্পাসে তাঁবু খাটিয়ে ফিলিস্তিনপন্থীরা বিক্ষোভ করছেন। ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি অভিযানে নির্বিচার প্রাণহানির প্রতিবাদে এ বিক্ষোভ। তাঁরা গাজায় অবিলম্বে যুদ্ধবিরতি চান।বিক্ষোভকারীদের দাবির মধ্যে আরও রয়েছে, যেসব প্রতিষ্ঠান ইসরায়েলের সঙ্গে সম্পৃক্ততা রেখে চলে, ইসরায়েলি সরকারকে অস্ত্র সরবরাহ করে সমর্থন দেয়, সেসব প্রতিষ্ঠানের সঙ্গে বিশ্ববিদ্যালয়গুলোর সম্পর্ক ত্যাগ করতে হবে। বিক্ষোভকারীদের দাবি, গাজায় রক্তপাত বন্ধে প্রেসিডেন্ট জো বাইডেনকে উদ্যোগী হতে হবে। অ্যান আরবর স্টেডিয়ামে বসেছিল মিশিগান বিশ্ববিদ্যালয়ের স্নাতক সমাপনী অনুষ্ঠান। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, কয়েক ডজন শিক্ষার্থী মাথায় ঐতিহ্যবাহী কেফিয়েহ আর স্নাতক টুপি পরে মঞ্চের সামনে দিয়ে হেঁটে যান। তাঁদের হাতে প্ল্যাকার্ড ও ফিলিস্তিনের পতাকা ছিল। বিদ্যালয়টির মুখপাত্র কলিন ম্যাসটনি এক বিবৃতিতে এসব তথ্য জানান। বিভিন্ন সংবাদ মাধ্যম বলছে, ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ২৫ বিক্ষোভকারী আটক হয়েছেন। কয়েক সপ্তাহের বিক্ষোভে যুক্তরাষ্ট্রজুড়ে ক্যাম্পাসগুলো থেকে দুই হাজারের বেশি বিক্ষোভকারীকে আটক করেছে পুলিশ। এদিকে বিক্ষোভে উত্তাল চারটি বিশ্ববিদ্যালয়ে চলতি সপ্তাহের শেষে স্নাতক সমাপনী অনুষ্ঠান হওয়ার কথা রয়েছে। বিক্ষোভের কেন্দ্রস্থল নিউইয়র্কের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়সহ আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ে চলতি মাসে অথবা আগামী জুনে এই অনুষ্ঠান হওয়ার কথা রয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আশঙ্কা, স্নাতক সমাপনী অনুষ্ঠানে বাধা দিতে পারেন বিক্ষোভরত শিক্ষার্থীরা। এ কারণে নিরাপত্তাব্যবস্থা জোরদার করার উদ্যোগ নিচ্ছে কর্তৃপক্ষ। বিক্ষোভকারী শিক্ষার্থীরা হুমকি দিয়েছেন, তাঁদের দাবি মানা না হলে এসব আয়োজন বর্জন ও অনুষ্ঠানস্থল থেকে বেরিয়ে আসাসহ বিকল্প কর্মসূচি নিয়ে ভাবছেন তাঁরা।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

